www.banglajobguide.tk   Join http://t.me/BanglaJobGuide   http://t.me/BangoSongbad

Best Training For
WBCS, SSC
(CGL, CHSL, MTS),
PSC, BANK, RAIL
✆7427927701
grassroot
Dunlop, Gariahat, Sonarpur, Tamluk

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

BILASPUR UNIVERSITY
বিভিন্ন কলেজে M.A (Geo, Hist, Pol.Sc, Sanskrit) M.Sc (Phy, Math, Chem, Zoology, Botany, Microbiology) কম খরচে ভর্তি চলিতেছে।
M : 7797577702

বর্ষ ৩৮ সংখ্যা ৪৮ কলকাতা শুক্রবার, ২৯ জুন ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৪ আষাঢ় ১৪২৫ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

## পশ্চিমবঙ্গ বিদ্যুৎ সরবরাহ সংস্থায় ২৯৯

জুনিয়র ইঞ্জিনিয়ার (গ্রেড টু), টেকনিশিয়ান (গ্রেড থ্রি) এবং জুনিয়র এক্সিকিউটিভ (স্টোর্স) পদে ২৯৯ জনকে নিয়োগ করবে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি। এটি রাজ্য সরকারের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর REC/2018/05.

শূন্যপদের বিবরণ: জুনিয়র ইঞ্জিনিয়ার (ই) গ্রেড-টু: ১৬৩টি,

এরপর পাঁচের পাতায়

আরও চাকরির খবর ভেতরের পাতায়

## দক্ষিণ-মধ্য রেলে ৪১০৩ ট্রেড অ্যাপ্রেন্টিস

৪,১০৩ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে সাউথ সেন্ট্রাল রেলওয়ে। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ ও অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৬২ অনুসারে এই প্রশিক্ষণ দেওয়া হবে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, কার্পেন্টার-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে দক্ষিণ ভারতের সেকেন্দ্রাবাদ, বিজয়ওয়াড়া, তিরুপতি-সহ সংস্থার বিভিন্ন ইউনিটে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: SCR/P-HQ/111/Act App/2018.

ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ: **ফিটার:** ১৪৬০টি (সাধারণ ৭৩৭, তফসিলি জাতি ২১৯, তফসিলি উপজাতি ১১০, ও বি সি ৩৯৪)। **এসি মেকানিক:** ২৪৯টি (সাধারণ ১২৭, তফসিলি জাতি ৩৭, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ৬৭)। **কার্পেন্টার:** ১৬টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **ডিজেল মেকানিক:** ৬৪০টি (সাধারণ ৩২৩, তফসিলি জাতি ৯৬, তফসিলি উপজাতি ৪৮, ও বি সি ১৭৩)। **ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স:** ১৮টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। **ইলেক্ট্রিশিয়ান:** ৮৭১টি (সাধারণ ৪৪০,

এরপর তেরোর পাতায়

## মধ্য রেলে ২৫৭৩ ট্রেড অ্যাপ্রেন্টিস

২,৫৭৩ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে সেন্ট্রাল রেলওয়ে। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এই প্রশিক্ষণ দেওয়া হবে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, কার্পেন্টার-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে। মুম্বই, পুনে, নাগপুর, ভুসওয়াল এবং সোলাপুর ক্লাস্টারে। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: RRC/CR/AA1/2018.

ক্লাস্টার ও ইউনিট অনুসারে আসনসংখ্যার বিবরণ: **মুম্বই ক্লাস্টার: ক্যারেজ অ্যান্ড ওয়াগন (কোচিং) ওয়াড়ি বন্দর, মুম্বই:** ফিটার: ১৮২টি (সাধারণ ৯২, তফসিলি জাতি ২৭, তফসিলি উপজাতি ১৪, ও বি সি ৪৯)। এর মধ্যে ২টি করে আসন অস্থিসংক্রান্ত ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী, ১টি আসন দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৫টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত

এরপর চোদ্দোর পাতায়

## মিনারেল এক্সপ্লোরেশন কর্পোরেশনে ২২১

বিভিন্ন পদে ২২১ জন কর্মী নেবে মিনারেল এক্সপ্লোরেশন কর্পোরেশন লিমিটেড। এটি ভারত সরকারের খনি মন্ত্রকের অধীন একটি মিনিরত্ন সংস্থা।

পোস্ট কোড ১১: **ফোরম্যান (ড্রিলিং):** শূন্যপদ ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ১২)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ড্রিলিং বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা। হাইড্রোস্ট্যাটিক বা আর সি রিগ চালনায় ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ২২,৯০০-৫৫,৯০০ টাকা।

পোস্ট কোড ১২: **টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (সার্ভে অ্যান্ড ড্রাফটসম্যান):** শূন্যপদ ৬টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ৪)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সার্ভে বা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা। অটো ক্যাডের সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। সার্ভেয়িংয়ের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পোস্ট কোড ১৫: **স্টেনোগ্রাফার (ইংলিশ):** শূন্যপদ ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীর জন্য

এরপর পাঁচের পাতায়

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের দেশ ও বিদেশে চাকরির সুযোগ

বিশ্বায়নের যুগে কোন শিল্পই আজ নির্দিষ্ট গন্ডির মধ্যে সীমাবদ্ধ নেই। দ্রুত গতিতে বাণিজ্য সংস্থাগুলি সমগ্র পৃথিবীতে আজ ছড়িয়ে পড়েছে। তারই দর্পণে হোটেল এবং হসপিটালিটি ম্যানেজমেন্ট আজ এক গুরুত্বপূর্ণ পেশা হিসাবে শ্রেষ্ঠ সারিতে উঠে এসেছে। সাধারণ থেকে শুরু করে মেধাবী সব ধরনের ছেলেমেয়েদের হোটেল ম্যানেজমেন্ট কোর্স করে ১০০% চাকরির সুযোগ রয়েছে, সরকারি ও বেসরকারী হোটেল, রিসর্ট, এয়ারলাইন্স, রেলওয়ে ক্যাটারিং ডিপার্টমেন্ট, এয়ারপোর্ট, জাহাজ, ক্রুজ লাইন্স, রিসেপশনিস্ট, এয়ার হোস্টেস ইত্যাদি পদে। ২০১৮ সালে হোটেল এবং হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি চলছে। বিশদ বিবরণের জন্য যোগাযোগ করুন—৯০০২৪৬৯৬০২ এবং ৭৩৮৪৭৮৩৬২৫ নম্বরে। visit : www.tiem.co.in

পশ্চিমবঙ্গের সুনামধন্য ম্যানেজমেন্ট কলেজ
TIEM®
Admissions OPEN
Govt. Reg. : S/2L/No. 33016
100% JOB Guarantee Else Money Back
Hotel & Hospitality MANAGEMENT
কোর্স করলেই 100% চাকরী
কোর্স করতে করতে Income-এর সুযোগ
কেন TIEM-এ ভর্তি হবেন ?
Training & Placement
• ভর্তির সময় Job Guarantee Letter.
• Bank Loan-এর ব্যবস্থা ও চাকুরী পাওয়ার পর পরিশোধ করার সুবিধা।
• Instalment-এ Course Fees দেওয়ার সুবিধা।
• নূন্যতম Course Fees এবং অফুরন্ত সুযোগ
• বিদেশে চাকুরীর সুযোগ।
• Fully AC Campus
• Wi-Fi Campus.
• Free Separate Hostel for Girls & Boys.
• Regular Industry Visit.
• Concession for SC/ST/OBC/Girl.
• Books & Uniform Free.
TAJ  JW MARRIOTT  HYATT REGENCY
WESTIN  RAMADA  Radisson
NOVOTEL  Le MERIDIEN JAIPUR  FOUR POINTS BY SHERATON



Tamluk Campus : Hospital More, Tamluk, Purba Medinipur
9134049034/7548027134
Kolkata Campus : 6, Seal's Garden Lane, Kolkata - 700 002
9002469602/9134050664



GNM, BSC
নার্সিং, ফার্মেসি কোর্সে সরাসরি ভর্তি
(Limited Seat)
Admission Open
যোগ্যতা : যে কোন শাখায় ছেলে মেয়েরা উচ্চমাধ্যমিক নূন্যতম 50% মার্কস পেলে GNM ও H.S. সায়েন্স শাখার ছেলে মেয়েরা B.Sc. নার্সিং ও ফার্মেসি কোর্সে সরাসরি ভর্তির যোগ্য।
নিজস্ব প্রতিনিধি -২০১৮-১৯ শিক্ষা বর্ষে সরাসরি G.N.M. (জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি), B.Sc নার্সি ও D-Pharmacy কোর্সে সরাসরি ভর্তি চলছে। স্বীকৃতি কোর্স গুলি গভঃ অনুমোদিত, নার্সিং কাউন্সিল অনুমোদন প্রাপ্ত, ভিন রাজ্য গভঃ স্বীকৃত ও UGC স্বীকৃত বিশ্ববিদ্যালয় ও P.C.I. অনুমোদন প্রাপ্ত যাহা সরকারী ও বেসরকারী চাকরিতে মান্যতা প্রাপ্ত।



বিস্তারিত তথ্য ও ভর্তির জন্য যোগাযোগ করুন
ন্যাশেনাল ইনস্টিটিউট অফ হায়ার স্টাডিজ CS
An ISO 9001:2008 Certified and Govt. Regd Org.
কোলকাতা Call : 033 22870873 / 033 4066 1266 / 9830687078
বারাসাত : 7044367520, শিলিগুড়ি : 9547338471 / 9547338470
শিক্ষাতে 100% Placement
সরাসরি Director-এর সাথে সাক্ষাত ও কথা বলার সুযোগ
Admission Guidance MBBS in Abroad
NINPS (Govt., Regd. ISO 9001:2015 certified Org.) Call : 8334081245

## রাজ্যের সরকারি হাসপাতালে ১৯৩ ফিজিওথেরাপিস্ট

ফিজিওথেরাপিস্ট (গ্রেড-থ্রি) পদে ১৯৩ জনকে নিয়োগ করবে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। এখন অস্থায়ীভাবে নিয়োগ হলেও পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে।

উল্লেখ্য, কর্মক্ষেত্র-র ২৫ মে সংখ্যায় 'রাজ্যের সরকারি হাসপাতালে ২৮৪২ মেডিক্যাল টেকনোলজিস্ট, ফার্মাসিস্ট এবং ফিজিওথেরাপিস্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত

এরপর পাঁচের পাতায়

## কোস্টগার্ডে নাবিক

**শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক**

ট্রেনিং দিয়ে বেশ কিছু নাবিক (জেনারেল ডিউটি) নিয়োগ করবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। ১০+২ এন্ট্রিতে নিয়োগ হবে। শুধুমাত্র ছেলেরা আবেদন করতে পারবেন। ট্রেনিং হবে ০১/২০১৯ ব্যাচে।

শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স ও অঙ্ক দু'টি বিষয় হিসেবে নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল। মোট অন্তত ৫০ শতাংশ এবং ফিজিক্স ও অঙ্ক মিলিয়ে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকা চাই। তফসিলি প্রার্থীরা, জাতীয় স্তরের প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় বা তৃতীয়

এরপর পনেরোর পাতায়

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad


# কর্মক্ষেত্র

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৮ সংখ্যা ৪৮ □ ২৯ জুন ২০১৮

### ই-মেল ঠিকানা

সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in


## কর্মখালি

**Walk-in-Interview**
**রহমতে আলম মিশন**

মাধ্যমিক বিভাগের জন্য ইংরেজি, গণিত, ভৌতবিজ্ঞান ও জীবনবিজ্ঞান এবং উচ্চমাধ্যমিক বিভাগের জন্য ইংরেজি, পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিদ্যার অভিজ্ঞ আবাসিক শিক্ষক/শিক্ষিকা চাই। বেতন সম্মানজনক। শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, প্রত্যয়িত নকল এবং বায়োডাটা-সহ সরাসরি Interview 04/07/2018 বেলা 11টা থেকে। ঠিকানা: রহমতে আলম মিশন, বেড়াচাঁপা, পোঃ দেবালয়, থানা: দেগঙ্গা, জেলাঃ উঃ ২৪ পরগনা, পিন: ৭৪৩ ৪২৪, Email-rahmatealam@gmail.com Ph. No.: 97343-22339/97338-15967.

□

**হোটেলে চাকরি**

কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO স্বীকৃত ও University Affiliated সংস্থার মাধ্যমে হোটেলে গ্যারান্টি-সহ ৮,০০০/- আয় + থাকা + খাওয়া + মেডিকেল ফ্রী। www.bshm.co.in M: 92316-80651.

□

**ভারতের সর্বত্র স্টার হোটেলে**

৭ দিনে জয়েনিং। ন্যূনতম মাধ্যমিক আয় ৮,০০০ + থাকা খাওয়া + টিপস। বয়স ৩০-এর মধ্যে। Career Hub (ISO স্বীকৃত ও গভঃ রেজিঃ) 7A, রূপচাঁদ মুখার্জি লেন, ভবানীপুর, কোল-25. (M): 92319-65679.

□

**স্টার হোটেলে 6-17,500/-**

রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

**কাস্টমার কেয়ার ও BANKING প্রসেসে** স্পট জয়েনিং। Salary: 10,800/- – 22,400/-. সুবিধা: P.F., ESI, OT, Car, স্থায়ী চাকরি, Inc-সহ থাকা-খাওয়ার সুবিধা। Star Creation, Nalpur-310. হাওড়া, হুগলি, কলকাতা: 98746-20315; মেদিনীপুর, বাঁকুড়া: 98308-68561.

□

**Airtel 4G/Vodafone কাস্টমার** কেয়ারে M/F নিয়োগ চলছে। বেতন: INC + OT-সহ 10,500/-. Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91, M: 85848-87134.

□

**SBI BANKING JOB**
**(OFF ROLE)**

যোগ্যতা:- ন্যূনতম উচ্চমাধ্যমিক পাশ। বেতন: ১০,০০০ থেকে ১৬,০০০ টাকা। যোগাযোগ: 98318-69137 / 86228-73116. UNIQUE STEPS, E/74 Baghajatin, Kol-700 086.

□

**DIRECT নিয়োগ**

জেলায় জেলায় ATM গার্ড, টাওয়ার সার্ভে Pvt. হাসপাতালে কাজের জন্য কর্মী চাই। বেতন: 12,500/- – 18,500/-. M: 78728-49742, R. S-11 RM L. Kol-09.

□

## কর্মখালি

মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 83350-59818.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**

ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 85838-65904 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 70443-81672 ব্যারাকপুর ও সোদপুর: 74497-02185 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 সোনারপুর ও গড়িয়া: 86976-16060 বজবজ ও ঢাকুরিয়া: 86976-16100 বারাসাত ও বনগাঁ: 84208-88113 বসিরহাট ও এয়ারপোর্ট: 80174-18654 Need Counseling, ডানলপ-108.

□

**SBI/ GOVT. ব্যাঙ্ক/ ব্যাঙ্কিং বাংলা** প্রসেসে স্মার্ট বাংলা জানা কলি/ জেলাভিত্তিক/ গ্রামাঞ্চল থেকে 417 জন M/F (18-38) শীঘ্রই চাই। বেতন: 10,955/- – 34,850/- (INC + OT + অন্যান্য বিশেষ সুবিধা), W2C, Kol-56. দমদম/ বেলঘরিয়া: 83348-59516; বালিগঞ্জ: 90629-77779; ব্যারাকপুর/ কল্যাণী: 98743-49135; হাওড়া: 90511-50487.

□

**All India based reputed Institute** in Competitive Exams Coaching requires following faculties for Hooghly Centre: 1) Quants/ Maths 2) Reasoning & Data Inter Pretation 3) G. K 4) English. We also need i) Counsellor ii) Marketing Executives. Salary Negotiable. Email CV within 30th June, 2018. ba.singur@gmail.com

□

**VODA/ JIO/ D2H কাস্টঃ কেয়ারে** কাস্টমারদের Call রিসিভ করে সঠিক তথ্য দেওয়ার জন্য রাজ্যের বিভিন্ন জেলা থেকে মাধ্যমিক-M.A, M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: 18-38. Sal: 10,800/- – 45,500 + PBA + OT + ESI + মেস + CAR. IING, Kol-08. বেহালা: 96742-56755, দঃ ২৪ পরগনা: 82769-83240, ডায়মন্ড: 90515-85928, পূঃ মেদিনীপুর: 81011-02499.

□

**উৎকর্ষ বাংলা**

* উৎকর্ষ বাংলার কাজ জানা অভিজ্ঞ লোক চাই। * Diploma, Retail-এর জন্য অভিজ্ঞ Teacher চাই। * DTP কাজ জানা অভিজ্ঞ লোক চাই। * Placement সেল-এ কাজ জানা অভিজ্ঞ লোক চাই। রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া: 98300-84759. rabindra_path_bhaban@yahoo.co.in

□

**Direct কোম্পানিতে 34 জন**
**কম্পিউটার অপারেটর**

স্থায়ী অফিসিয়াল পদে Database Operate করতে H.S পাশ / Appeared (18-32) ব্যাক অফিস Executive নিয়োগ। বেতন: 8,470/- – 12,730/-. Innovative Technology, Dunlop, Kol-108. কলকাতা: 83368-25980, বারাসাত: 83368-25979.

□

**এয়ারপোর্ট ও মেট্রো**

গভঃ লাইসেন্সপ্রাপ্ত কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে D গ্রুপে ফর্ম দেওয়া চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,800/- – 45,800/-. বয়স: 18-45. M: 87684-73851, S. C. 22/C বেহালা, চৌমাথা।

□

নামী প্রতিষ্ঠানে পড়ানোর জন্য Eng, Eco ও অন্যান্য বিষয়ের Teacher দরকার। RCI, দমদম, 62906-55674/ 96740-62356.

□

## কর্মখালি

**চাকরি পেতে একটি**
**ফোনের অপেক্ষা**
**বেতন: 10,600/- –28700/-**

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**সরাসরি নিয়োগ**

জেলাভিত্তিক Pvt ব্যাঙ্ক, টাওয়ার Co, ATM গার্ড, MNC-তে অফিসিয়াল পদের জন্য কর্মী চাই। বেতন: (12,500/- – 18,500), MJS, 11C, R. B. Lane, Kol-09. (M): 90519-14620.

□

**SBI ব্যাঙ্কিং ও JIO কাস্টমার** কেয়ারে বাংলা প্রসেসে রাজ্যের বিভিন্ন জেলা থেকে সরাসরি MP-Graduate (18-35) M/F স্পট সিলেকশন চলছে। বেতন: যোগ্যতানুসারে INC + OT+ Bonus-সহ 10,950/- + হোস্টেল + অন্যান্য সুবিধা। IIFA, Kol-28. দমদম (H.O.): 84206-66060, গড়িয়া: 90020-33880, দমদম (উঃ): 99032-23211, বর্ধমান: 98301-88881. শিলিগুড়ি: 98307-71003.

□

**এয়ারপোর্ট ও মেট্রো গভঃ স্বীকৃত**
**কন্ট্রাক্টরের অধীনে**
**স্থায়ী জব Govt. Regd.**
**R/L No.: 13794**
**M: 87688-22677**

কোনও ডোনেশন ছাড়া গ্যারান্টি সহকারে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,300/- – 48,900/-. বয়স: 18-45. PF, ESI, OT-সহ অন্যান্য ব্যবস্থা আছে। B. C, 126/38 Garia St. Rd.

□

**Jio/SBI/Vodafone কাস্টমার কেয়ারে** বাংলাভাষী M/F চাই। বেতন: INC+OT-সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol-91, M: 98368-71040.

□

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাইভেট ব্যাঙ্কে ব্যাক অফিস, ডেটা এন্ট্রি ও অন্যান্য পদে নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বয়সসীমা ১৮-৩০ বছর। বেতন: ১২,৭০০/- - ১৯,৩০০/-, EPF, ESIC, Medical. IPC, Salt Lake, Kol-91. কোলকাতা/ হাওড়া: 86979-66868, নর্থ/ সাউথ ২৪ পরগনা: 78908-24031. বর্ধমান/ হুগলি: 74494-06185, আসানসোল/ দুর্গাপুর: 97351-46325, পুরুলিয়া/ বাঁকুড়া: 84361-40813, বীরভূম/ নদিয়া: 74777-93463, হাওড়া/ মেদিনীপুর/ বাঁকুড়া: 83358-79460.

□

**ফোন করলেই নিশ্চিত চাকরি।**
**কন্ট্রাক্টরের অধীনে Airport**
**মেট্রোরেল ও প্রাইভেট**
**BANK সংস্থায়**

Govt. Regd. L/No.-6630, সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ কোম্পানির Direct পে-রোলে সরাসরি লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই/স্নাতক। বেতন: (9,500/- – 48,700/-), সবকটি পদে OT PF ESI ছুটি বোনাস, প্রমোশন-সহ থাকা এবং খাওয়ার সুব্যবস্থা আছে। যোগাযোগ: M: 77185-43880, Sara Corporate, ইছাপুর, 24 Pgs (N).

□

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**
**পঃ বঙ্গ, উঃ বঙ্গ ছেলেমেয়েদের**
**সুবর্ণ সুযোগ Airport, মেট্রো ও**
**PVT. ব্যাংকে ৭ দিনে**
**স্পট জয়েনিং**

সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্টাক্টরের অধীনে Airport, মেট্রো ব্যাংক (DSA) সংস্থায় পার্মানেন্ট জব। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 48,900/-. বয়স: 18-45, PF, OT, ESI-সহ থাকা-খাওয়ার ব্যবস্থা। F. G, 183/17G, বেহালা বাসস্ট্যান্ড, M: 85150-18736.

□

**Pvt ব্যাঙ্কে চাকরি**
**Govt. Reg.-L/No- 627152**

পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় সম্পূর্ণ বিনা ডোনেশনে ব্যাঙ্কের ভেতরে স্থায়ী Job. যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: ১২,০০০/- - ৩৬,৮০০/-, PF, ESI, বোনাস, থাকা ও খাওয়ার ব্যবস্থা আছে। R.P., Pakar More, রানাঘাট, নদিয়া। Pin: 741 201. Helpline: 95937-76698.

□

**ভ্যাকান্সি**
**Mob: 8145109987**

সরকারি নিয়ম মেনে এয়ারপোর্ট, মেট্রো ও বিভিন্ন Pvt Bank সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে চাকরি। M/F চাই, যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। বেতন: 12,500/- – 45,700/-, OT, PF, ESI বোনাস, প্রমোশন-সহ ছুটির বিশেষ সুবিধা। থাকা ও খাওয়া ফ্রি। বিশদ জানতে সত্বর যোগাযোগ করুন: (M) 81451-09987, Compass, 4, Govt. Place (N), Kol-1.

□

**স্থায়ী চাকরি পশ্চিমবঙ্গে**

সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt BANK, টাওয়ার 4G, ATM, শপিং মল, Dish TV ও MNC বিভিন্ন Official পদে টার্গেট ছাড়া Direct জয়েনিং। ওয়েবসাইট: www.gcajob.co.in বেতন: 11,200/- – 28,700/-, PF-এর সুবিধা। N. D, Central Avenue, Kol-7, (M): 77184-52562.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**
**Govt Reg. L O-WB. 7562**
**M: 8348032205**

উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী Airport, মেট্রোরেল ও Pvt. BANK (DSA) সংস্থায় সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ সরাসরি স্থায়ী পদে লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (12,500/- – 42,700/-). থাকা খাওয়া-সহ যাতায়াত খরচ কোম্পানির। এছাড়া OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশনের বিশেষ সুবিধা। কাজের বিশদ জানতে যোগাযোগ করুন। N. Corporate, S. T, Rd, Nowa Para, শ্যামনগর।

## স্কুল-কলেজ শিক্ষা

**নার্সিং ট্রেনিং**

ANM Nursing (2 Years) Installment-এর সুবিধা আছে। Approved by BSS / NSDC Govt. of India. Placement. রবীন্দ্র পাঠ ভবন। বেলঘরিয়া: 83350-66915 কল্যাণী: 83350-66916, বালিগঞ্জ: 97326-84328.

□

**মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং**
**ও চাকরি**

মহিলাদের স্কুলে নিশ্চিত চাকরি পেতে, প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং কোর্সে (1 Year) ভর্তি চলছে। Approved by BSS & NCVT Govt. of India. Easy Installment ও চাকরির সহায়তা। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 98043-21839, 98317-89536.

□


**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**



**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।


## স্কুল-কলেজ শিক্ষা

**মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং**

**Pre-Primary & Primary Teachers** Training approved by (BSS Govt. of India) সরাসরি ভর্তি চলছে। রবীন্দ্র পাঠ ভবন, কোল-৮৩। বেলঘরিয়া: 83350-66915 কল্যাণী: 94323-65899 শ্যামবাজার: 98308-15220 টালিগঞ্জ: 90510-74736 বালিগঞ্জ: 74784-30465 বর্ধমান: 94759-35165 বর্ধমান: 94746-39105 আসানসোল: 92318-77546 বালি: 91635-73125 হাওড়া: 90510-74736.

□

**আজিজুর রহমান কলেজ**
**অফ এডুকেশন**

Affiliated W.B.U.T.T.E.P.A & NCTE B. Ed, D. Ed Admission নিন সরাসরি কলেজে। আমাদের মিউজিক বিষয়টি আছে। নিউ গড়িয়া, 98746-06164 / 87770-49063.

□

**DIPLOMA ও ITI সরাসরি ভর্তি**

CIVIL DRAUGHTSMAN, CIVIL SURVEYOR (NCVT) এবং CIVIL DIPLOMA-এ সরাসরি ভর্তি চলছে। Placement, Installment-এর সুবিধা আছে। রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া, 2541-2244/83350-66915.

□

**প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি**

**DMLT, O.T, D. X-Ray, DIALYSIS** কোর্সে ভর্তি চলছে। G.N.I, বারুইপুর, 85849-23750.

□

**WBCS, CGL, BANK, Rail, Demo** ক্লাস। Weekly টেস্ট। Sr টিচার্স গ্রুপ, মাসিক ফি। স্টাডি ম্যাট। বেলঘরিয়া, শিয়ালদহ। ICON-94771-20861.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**Math & Eng.** সোনারপুর Rail (স্পেশ্যাল), WBCS, MICS, Bank প্রাইমারি TET, পুলিশ, Gr.D Clerkship সেকেন্ডে কৌশল। A. P. Nagar, Kol-150, Alakesh Sir: 90510-89736.

□

**টিচার্স ট্রেনিং**

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) Approved Placement (Asst.) Instalment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর: 92315-51285/70449-27065.

□

**নার্সিং কোর্সে ভর্তি**

**INC ও KNC অনুমোদিত B.Sc ও** GNM কোর্সে ভর্তি চলছে। Bank Loan সুবিধা। Placement, Installment Facility. Gurukul Nursing Institute, বারুইপুর, কোল-700 144. 85849-23750, 98303-88027.

□

**নার্সিং ট্রেনি (100% Job)**

**Shree Jain Hospital and Research** Centre (Howrah) A.N.M (BSS Govt. of India Approved) G.N.M, B.Sc., P.B.Sc. (KNC) Admission Open. Mob.: 98832-48370, 75968-74246.

□

**ভর্তি চলছে WBCS (Plm/Main) 55%** (110) কমন না পেলে টাকা ফেরত। WBCS Main-এর ক্লাস চলছে। সোনারপুর, মৃনালস্যার: 90077-36900.

□

**100 টাকায় এক মাসে WBCS, Rail,** RPF ক্লাস। দুপুরে খাবার Free প্রতিদিন, পাঠশালা, গড়িয়া, Kolkata-84. (M): 77972-78679.


# কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# খাতা তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** স্কুল-কলেজ, অফিস-আদালত সর্বত্র সারাবছরই খাতার চাহিদা থাকে। লাইন-টানা, সাদা, বিজ্ঞানের প্র্যাক্টিক্যাল খাতা, হিসাবশাস্ত্রের লেজার বুক প্রভৃতি বিভিন্নরকম খাতা তৈরি করে স্কুলে বা দোকানে সাপ্লাই করতে পারেন।

**কীভাবে করবেন:** প্রথমে বাজার থেকে রিম কাগজ কিনে আনতে হবে। সস্তায় এই কাগজ পাবেন বৈঠকখানা বাজার ও রাজাবাজার অঞ্চলে। এরপর পেপার কাটিং মেশিনের সাহায্যে খাতার মাপ অনুযায়ী তা কেটে নিতে হবে। লাইন টানা খাতা বা লেজার বুক তৈরি করতে রুলিং মেশিনের প্রয়োজন। রুলিং মেশিনের সাহায্যে সাদা পাতায় প্রয়োজনমতো লাইন টেনে নেওয়া যায়। পৃষ্ঠা-নম্বর বসানোর জন্য বা সিরিয়াল-নম্বর লেখার জন্য প্রয়োজন কাউন্টিং মেশিনের। বিভিন্ন ডিজাইনের, বিভিন্ন রঙের, বিভিন্ন সাইজের মলাট বাজারে কিনতে পাওয়া যায়। খাতা সেলাইয়ের জন্য প্রয়োজন স্টিচিং মেশিন। প্রয়োজনমতো নির্দিষ্ট সংখ্যক পাতা মলাটসমেত একত্র করে স্টিচিং মেশিনের সাহায্যে সেলাই করে নিতে হবে। খাতা তৈরির পর খাতার কাগজগুলো ফুলে থাকলে একটি হার্ডপ্রেসে অনেকগুলো খাতা পরপর সাজিয়ে চাপে রেখে দিতে হবে। এভাবে ঘণ্টা দুই-তিন থাকার পর খাতাগুলি সমান হয়ে যাবে। কার্যক্ষমতা অনুযায়ী মোটরচালিত পেপার কাটিং মেশিনের জন্য মোটর লাগবে ১-২ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** ৩২ ইঞ্চি মোটরচালিত কাটিং মেশিনটির দাম পড়বে ১,৩০,০০০ টাকা। রুলিং মেশিনের দাম ৮০,০০০ টাকা। স্টিচিং মেশিনের দাম ৩৫,০০০ টাকা। কাউন্টিং মেশিনটি মোটরচালিত হলে দাম পড়বে ৩০,০০০ টাকা এবং হস্তচালিত হলে তার দাম পড়বে ১,২০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।**

□ *আমি বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ করেছি এবছর। সৌরলণ্ঠন নিয়ে কাজ করতে চাই। সৌরলণ্ঠন বিক্রি করব। তাই মেরামতির কাজ শিখতে চাই। সৌরলণ্ঠনের বিভিন্ন অংশ অ্যাসেমব্লিংয়ের কাজও শিখতে চাই। —জয়দেব মাজি, কাকদ্বীপ, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ গীতাঞ্জলি সোলার এন্টারপ্রাইজে যোগাযোগ করতে পারেন। বিভিন্ন সৌরসরঞ্জাম প্রস্তুত করে এই সংস্থা। প্রশিক্ষণের ব্যবস্থাও রয়েছে এখানে। ঠিকানা: পি-১৪, কসবা ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, ফেজ-ওয়ান, ই এম বাইপাস, ইস্ট কলকাতা টাউনশিপ, কলকাতা-১০৭। ফোন: (০৩৩) ২৪৪২-০৭৭৩/ ৪০২৭। ওয়েবসাইট: www.geetanjalisolarin.com

□ *পাইকারি দরে জুতো ও চপ্পল কিনে খুচরো দরে আমার অঞ্চলে বিক্রি করতে চাই। বড় কোম্পানির জুতো তো এভাবে বিক্রি করা যাবে না, তাই এমন কোনও জায়গার কথা জানতে চাই যেখান থেকে একসঙ্গে অন্তত ৫০ জোড়া জুতো, চপ্পল কেনা যাবে। জেন্টস ও লেডিজ উভয় প্রকার জুতোই দরকার আমার। —গৌর কুণ্ডু, মসলন্দপুর, উত্তর ২৪ পরগনা।*

□□ কলকাতার সি আই টি রোড-সংলগ্ন পদ্মপুকুর অঞ্চলে (কলকাতা-২০) জুতোর হাট বসে। পাইকারি দরে সবরকমের জুতোই কিনতে পাবেন এখানে। পশ্চিমবঙ্গের সর্ববৃহৎ জুতোর হাট এটি। শিয়ালদা থেকে পদ্মপুকুরে পৌঁছনোর জন্য প্রচুর বাস পাবেন। প্রতিদিন সকাল থেকে দুপুর পর্যন্ত হাট চলে। উৎসবের মরশুমে হাটের সময়সীমা বাড়ানো হয়।

□ *'মোমোস অন হুইলস'-এর ফ্রাঞ্চাইজি নিয়ে মোমোর ব্যবসা করতে চাই। কোথায় যোগাযোগ করতে হবে? —অসীম সরকার, হলদিয়া, পূর্ব মেদিনীপুর।*

□□ যোগাযোগের ঠিকানা: 'মোমোজ অন হুইলস', সচিত্রা কমপ্লেক্স, ইসকন মন্দির রোড, অফিস নম্বর-ফাইভ, শিলিগুড়ি। ফোন: (০৩৫৩) ২৫৪১৬৪৮। ওয়েবসাইট: www.momosonwheels.in

□ *শোনা যাচ্ছে পুরুলিয়ায় মোসম্বির ভালো চাষ হতে পারে। এটা কি সঠিক তথ্য? চাষ-সংক্রান্ত তথ্যের জন্য কোথায় যোগাযোগ করতে পারি? —চিন্ময় তালুকদার, আদ্রা, পুরুলিয়া-৭২৩ ১২১।*

□□ পুরুলিয়ায় মোসম্বি চাষের ভালো সম্ভাবনা রয়েছে। রাজ্য সরকারের হর্টিকালচার বিভাগ থেকে সমীক্ষা চালানো হয়েছে এই জেলায়। সেই সমীক্ষাও এই সম্ভাবনার বিষয়টিকে সমর্থন করছে। চাষের বিষয়ে কথা বলার জন্য আপনি জেলা হর্টিকালচার অফিসার বা অ্যাসিস্ট্যান্ট হর্টিকালচারিস্টের সঙ্গে যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: পুরুলিয়া জেলা পরিষদ বিল্ডিং, পোঃ ও জেলা: পুরুলিয়া-৭২৩ ১০১। ফোন: (০৩২৫২) ২২৭২৪৮।

□ *সবজি, ফুল ইত্যাদির মতো কাঁচা পণ্য সংরক্ষণের জন্য সরকারি সহায়তা পাওয়া যেতে পারে কি? এ ব্যাপারে কোনও স্কিম থাকলে কোথা থেকে তা জানতে পারব? —সুদীপ জানা, হরিপাল, হুগলি।*

□□ কোল্ড স্টোরেজ গড়ে তোলার জন্য আর্থিক সহায়তা হিসেবে খরচের ওপর ভরতুকি পাওয়ার সুযোগ আছে। বিশদ জানতে ন্যাশনাল হর্টিকালচারাল বোর্ডের পূর্বাঞ্চলীয় অফিসে যোগাযোগ করতে পারেন। ঠিকানা: ময়ূখ ভবন, তৃতীয় তল, সল্টলেক, সেক্টর-টু, কলকাতা-৯১। ফোন: ২৩৩৭-৭১৮২।

□ *খাদ্যে ব্যবহারের জন্য ভেষজ সুগন্ধী তৈরি শিখতে চাই। কোথায় শেখানো হয় জানাবেন। —অমিতাভ সরকার, ডায়মন্ডহারবার, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ স্বনিযুক্তি-সহায়ক প্রতিষ্ঠান প্রগতিতে খাদ্যে ব্যবহারযোগ্য মিঠা আতর, গোলাপজল, স্যাফ্রন অয়েল ইত্যাদির মতো ভেষজ সুগন্ধী তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়। ঠিকানা: নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২।

BEST HOTEL MANAGEMENT INSTITUTE IN WEST BENGAL
An ISO 9001 : 2008 Certified Institute
(Estd. in 1997)
SIHM SCHOOL OF INDIAN HOTEL MANAGEMENT
ADMISSION OPEN
কোর্স শেষে দেশে ও বিদেশে
নিশ্চিত চাকরির লিখিত গ্যারান্টি
A Unit of "Sumana Foundation"
AUTHORISED TRAINING CENTRE OF "BHARAT SEVAK SAMAJ"
( A NATIONAL DEVELOPMENT AGENCY, ESTABLISHED IN 1952 BY PLANNING COMMISSION, GOVT. OF INDIA.)
SIHM is a member of HOTEL & RESTAURANT ASSOCIATION OF EASTERN INDIA
বিগত ২১ বছরে এই প্রতিষ্ঠান থেকে পাশকরা
সমস্ত ছাত্র-ছাত্রীরা দেশে ও বিদেশে সুপ্রতিষ্ঠিত
Email: sihm97@gmail.com
Visit Us : www.sihm.co.in
TRAINING & PLACEMENT
Only in 5 STAR HOTELS in India & Abroad
100% PLACEMENT TILL DATE
RAMADA PLAZA PALM GROVE, Radisson, Marriott, Sun n Sand, ROYAL ORCHID, INTER-CONTINENTAL, THE PRIDE, THE LaLiT, Rama International, CLARKS GROUP OF HOTELS, THE KENILWORTH, HYATT, SAROVAR
HEAD OFFICE & CAMPUS : B 12 / 283, KALYANI, NADIA, W.B. (Sunday Open)
(Near Central Park, Oppsite of Fish Farm )
For Admission Contact : 9831616989 / 9830852189



www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*ইতিবাচক মানসিকতা এমন একটা বিশ্বাস যা তোমাকে সমস্ত কঠিন কাজে সাহস জোগাবে। সদিচ্ছা আর জোরালো আত্মবিশ্বাস ছাড়া কোনও কাজই হয় না।*
*— হেলেন কেলার*
*(বধির ও দৃষ্টিহীন কিংবদন্তি মার্কিন লেখক)*

***✓ একাদশ শ্রেণি পর্যন্ত পড়াশোনা করেছি। অর্থনৈতিক ও পারিবারিক কারণে উচ্চমাধ্যমিক পরীক্ষা দেওয়া হয়নি। একটি অফিসে পিওনের কাজ করি। চাকরির সন্ধান দিলে উপকৃত হব।***

*অভিষেক পাইন, বৈদ্যবাটি, হুগলি।*

☐ কয়েকটি চাকরির জন্য আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। সেজন্য পড়াশোনাও করতে হবে। প্রস্তুতি নেওয়া শুরু করুন।

***এখনই আবেদন করতে পারেন:*** ২৩৯জন পোস্টম্যান ও মেলগার্ড নেবে ডাকবিভাগ। নিয়োগ হবে পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলের বিভিন্ন ডিভিশনে। অন্তত মাধ্যমিক পাশ হলে আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ২২ জুন সংখ্যায় 'পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলে ২৩৯' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ১৭ জুলাইয়ের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://pmgwbrecruit.in/wbpmgjune18/

২৩৯জন পোস্টম্যান ও মেলগার্ড নেবে ডাকবিভাগ। নিয়োগ হবে পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলের বিভিন্ন ডিভিশনে। অন্তত মাধ্যমিক পাশ হলে আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ২২ জুন সংখ্যায় 'পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলে ২৩৯' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ১৭ জুলাইয়ের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://pmgwbrecruit.in/wbpmgjune18/

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। রেলে গ্রুপ 'সি' (লেভেল-ওয়ান) পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গের বিভিন্ন আদালত, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন।

***✓ ইংরেজি সাহিত্যে এম এ করেছি। উচ্চমাধ্যমিক পাশ করেছিলাম বিজ্ঞান শাখায়। অন্যতম আবশ্যিক বিষয় ছিল গণিত। ফলে অঙ্ক বিষয়টিতে খুব ভীতি নেই। সরকারি চাকরিই করতে চাই। চাকরির খোঁজ-খবর দেবেন।***

*পার্থসারথী দত্ত, বেলঘরিয়া, উত্তর ২৪ পরগনা।*

☐ আপনি বিভিন্ন সরকারি চাকরির জন্যই আবেদনের যোগ্য। তবে পছন্দ অনুসারে কয়েকটি চাকরি বাছাই করে নিতে পারলে চাকরির পরীক্ষার প্রস্তুতি নিতে সুবিধা হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** দেশজুড়ে বিভিন্ন গ্রামীণ ব্যাঙ্কে অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার নিয়োগের জন্য যোগ্যতা নির্ধারণের পরীক্ষা নেবে আই বি পি এস। আপনি পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৫ জুন সংখ্যায় 'গ্রামীণ ব্যাঙ্কে ৫৭৫৫ অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই পরীক্ষা-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in

ব্যাঙ্কিং ও ফিনান্সের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ট্রেনিং দিয়ে ৬০০ প্রবেশনারি অফিসার নেবে ব্যাঙ্ক অব বরোদা। মনিপাল স্কুল অব ব্যাঙ্কিংয়ের সঙ্গে যৌথ উদ্যোগে কোর্সটি পড়ানো হবে। কোর্স ফি ৩ লক্ষ ৪৫ হাজার টাকা। ব্যাঙ্ক অব বরোদা থেকে কোর্সটি পড়ার জন্য শিক্ষাঋণ পাওয়া যাবে। কোর্স শেষ হওয়ার পরবর্তী ৭ বছরে সুদ-সহ ঋণ শোধ করতে হবে। 'কর্মক্ষেত্র'-র ১৫ জুন সংখ্যায় 'ট্রেনিং দিয়ে বরোদা ব্যাঙ্কে ৬০০ প্রবেশনারি অফিসার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ২ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.com

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারেন। প্রশাসনিক চাকরিতে আগ্রহ থাকলে ডব্লু বি সি এস বা আই এ এসের মতো চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে পারেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রেলে অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, ট্র্যাফিক অ্যাপ্রেন্টিস, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি।

***✓ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ করার পরে ফার্মাসির ২ বছরের ডিপ্লোমা কোর্স করেছি। ফার্মাসি কাউন্সিলের রেজিস্ট্রেশন আছে। বর্তমানে একটি নার্সিং হোমের মেডিক্যাল স্টোরে চাকরি করছি। সরকারি চাকরি করতে চাই। চাকরির খবর দেবেন।***

*নাম প্রকাশে অনিচ্ছুক, কল্যাণী, নদিয়া।*

☐ ***এখনই আবেদন করতে পারেন:*** ৫৯০জন ফার্মাসিস্ট নেবে পশ্চিমবঙ্গ পরিবার কল্যাণ দপ্তর। ফার্মাসির ডিপ্লোমা ও ডিগ্রিধারীরা আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-র ২২ জুন সংখ্যায় 'রাজ্যের সরকারি হাসপাতালে ৫৯০ ফার্মাসিস্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ২৮ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in

***পরে আবেদন করতে পারবেন:*** সরকারি হাসপাতালগুলিতে ফার্মাসিস্ট (ডি ফার্ম) পদে আবেদন করতে পারবেন। রেলে ফার্মাসিস্ট পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় স্বাস্থ্য মিশনগুলিতে আবেদন করতে পারবেন। দামোদর ভ্যালি কর্পোরেশনে জুনিয়র ফার্মাসিস্ট পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন রাজ্যের স্বাস্থ্য ও পরিকল্পনা বিভাগে ফার্মাসিস্ট পদে আবেদন করতে পারবেন। নিউ দিল্লির সেন্ট্রাল মেডিক্যাল সার্ভিসেস সোসাইটিতে ফার্মাসিস্ট পদে আবেদনের সুযোগ আছে।

***✓ কমার্সের গ্র্যাজুয়েট। ব্যবসায় আগ্রহী। উচ্চমাধ্যমিক পাশ করার পর থেকেই 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত রপ্তানি-বিষয়ক প্রতিবেদনগুলি পড়ছি। আমদানি-রপ্তানির ব্যবসায় নামব বলে সিদ্ধান্ত নিয়েছি। আমদানি-রপ্তানির ব্যবসার নিয়মকানুনগুলো শিখতে চাই। একটা ভালো কোর্সের কথা জানাবেন। চর্মজাতসামগ্রী রপ্তানি-সংক্রান্ত তথ্য-পরামর্শের জন্য কোথায় যোগাযোগ করতে পারি?***

*শৈবাল সিংহ, দক্ষিণেশ্বর, উত্তর ২৪ পরগনা-৭০০ ০৭৬।*

☐ যদি এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্টের বিশদ কোর্স করতে চান, তবে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় এবং এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের (ই ডি আই) যৌথ উদ্যোগে পরিচালিত ইমপোর্ট-এক্সপোর্ট ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সটি পড়তে পারেন। ১ বছরের কোর্স। পড়ানো হয় দূরশিক্ষা ব্যবস্থায়। রবিবার ই ডি আইয়ে ক্লাস হয়। পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা পাওয়া যায় নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে। এক বছরের ফি ১২,০০০ টাকা।

এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটেই রপ্তানি ব্যবসার স্বল্পমেয়াদি কোর্স করা যায়। পাঁচ সপ্তাহের এই কোর্সটিতে প্রধানত সবজি, ফল, ফুল রপ্তানির প্রশিক্ষণ দেওয়া হলেও রপ্তানি ব্যবসার মূল নিয়মকানুন সম্পর্কে অবহিত হওয়া যায়। সময়ে সময়ে কোর্সটি আয়োজিত হয়। এই কোর্সের ফি ৬,০০০ টাকা।

ডিরেক্টরেট জেনারেল অব ফরেন ট্রেড এবং ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ফরেন ট্রেড যৌথ উদ্যোগে রপ্তানি বাণিজ্যের অনলাইন কোর্স করায়। কোর্সের নাম 'নিরিয়ত বন্ধু'। মোট ৪০ ঘণ্টার সার্টিফিকেট কোর্স এটি। ফি ২৫ হাজার টাকা। এর মধ্যে ১০ হাজার টাকার খরচ বহন করে ডিরেক্টরেট জেনারেল অব ফরেন ট্রেড। প্রার্থীকে দিতে হয় ১৫ হাজার টাকা। নাম নথিভুক্ত করাতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.niryatbandhu.ac.in প্রয়োজনীয় তথ্যও পাবেন এই ওয়েবসাইটে।

চর্মজাতসামগ্রীর আন্তর্জাতিক বাজার এবং চর্মজাত সামগ্রী রপ্তানি-সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: কাউন্সিল ফর লেদার এক্সপোর্টস, ডাকব্যাক হাউস, দ্বিতীয় তল, শেক্সপিয়র সরণী, কলকাতা-১৭। ফোন: ২২৮৩-৫৪৭৯/৫৪৮০।

তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই দুই ঠিকানাতেও: (১) অফিস অব দি অ্যাডিশনাল ডিরেক্টর জেনারেল অব ফরেন ট্রেড, ৪, এসপ্ল্যানেড ইস্ট, কলকাতা-৬৯। ফোন: ২২৪৮-৬৮৩১, ২২৫৪-৫৯০০। (২) ওয়েস্ট বেঙ্গল এক্সপোর্ট প্রমোশন কাউন্সিল, ২, চার্চ লেন, রুম নম্বর ৪০১, পঞ্চম তল, কলকাতা-১। ফোন: ২২৪৩-৯১৮৮।

## একটু সাহস নিয়ে আর দৃঢ়প্রতিজ্ঞ হয়ে কাজে ঝাঁপান, আপনি পারবেনই



সন্দীপ ব্যানার্জি
ব্রাঞ্চ ম্যানেজার, কেরিয়ার এজেন্ট ব্রাঞ্চ, জীবনবিমা নিগম, হিন্দুস্তান বিল্ডিং (অ্যানেক্স), কলকাতা

সম্প্রতি 'কর্মক্ষেত্র'-য় 'জীবনবিমায় কেরিয়ার এজেন্ট' শিরোনামে কেরিয়ার এজেন্ট নিয়োগের একটি সংবাদ প্রকাশিত হয়েছে। খবরটির সঙ্গে কলকাতার চিত্তরঞ্জন অ্যাভেনিউয়ের কেরিয়ার এজেন্ট ব্রাঞ্চের ম্যানেজার হিসেবে আমার ফোন নম্বর ছাপা হয়েছিল। প্রচুর ছেলেমেয়ের কাছ থেকে ফোন পেয়েছি। সেই প্রসঙ্গটি সামনে রেখে তরুণ কর্মপ্রার্থীদের উদ্দেশে কয়েকটি কথা বলার প্রয়োজন অনুভব করছি।

কেরিয়ার এজেন্টের পেশা নিয়ে যাঁরা আমার সঙ্গে কথা বলেছেন এবং সাধারণত যাঁরা এ বিষয়ে কথা বলে থাকেন, তাঁদের প্রাথমিক প্রশ্নটিই হ'ল, এটা কি চাকরি? না, কেরিয়ার এজেন্টের পেশা প্রথামাফিক চাকরি নয়। উত্তর শুনে অনেকে হতাশ হন। আমার অভিজ্ঞতা হল, অতীতে একইভাবে হতাশ হয়ে পড়া প্রচুর ছেলেমেয়ে এখন দারুণভাবে সফল সব কেরিয়ার এজেন্ট। যাঁরা একসময় আমাকে বলেছেন, হাজারদশেক টাকার একটা চাকরির ব্যবস্থা করে দিলে তাঁরা বেঁচে যাবেন, তাঁদের অনেকেই এখন মাস গেলে ৫০ হাজার টাকা উপার্জন করছেন। এখানে আমি জীবনবিমার কেরিয়ার এজেন্টের পেশা নিয়েই বলতে বসেছি এমনটা নয়। তবে জীবনবিমার পেশাকে ভিত্তি করেই আমার দীর্ঘকালের অভিজ্ঞতার নিরিখে কর্মপ্রার্থী ছেলেমেয়েদের হতাশা, উদ্যোগ এবং ঘুরে দাঁড়ানোর প্রক্রিয়ার কথাই বলতে চাই।

পেশা-সংক্রান্ত প্রথাগত যে পথগুলো আমাদের সামনে দীর্ঘকাল ধরে পাতা রয়েছে, এই একবিংশ শতকে সেই পথগুলো ছাড়িয়ে দৃষ্টিকে একটু প্রসারিত করার দরকার হয়ে পড়েছে। সেটার জন্য একটু সাহসের দরকার হয়, আত্মবিশ্বাসের দরকার। আমি মনে করি, যে-কোনও পেশার জন্যই এ দুটো গুণের দরকার রয়েছে। আপনি একটা চাকরি পেলেন, সেই পাওয়াটা তো একটা শুরু মাত্র। কাজের পরিবেশের মধ্যে গিয়ে আপনাকে কাজ করতে হবে, কঠিন কাজও করতে হবে সাহস করে, প্রয়োজনে চ্যালেঞ্জ নিতে হবে। তবেই তো সংশ্লিষ্ট পেশায় আপনি অভিজ্ঞ হবেন, আপনার সুনাম হবে, উপার্জন বাড়বে। চাকরি মানেই নিশ্চয়তার নিশ্চিন্ত ঘেরাটোপ, এ ধারণা থেকে যত তাড়াতাড়ি বেরিয়ে আসা যায় ততই ভালো।

দৃষ্টান্ত হিসেবে জীবনবিমার কেরিয়ার এজেন্টের পেশার কথায় ফিরে আসি। এ পেশার জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা গ্র্যাজুয়েট। পুরুষ-মহিলা উভয়েই এ পেশায় আসতে পারেন। স্বনির্ভর পেশা এটি। জীবনবিমার নানা আর্থিক পণ্য বিপণনের পেশা। পেশাটিকে ব্যবসা হিসেবে নেওয়া যেতে পারে। ব্যবসার জন্য পুঁজির দরকার হয়, বর্তমান সময়ে ব্যবসা করার জন্যও প্রশিক্ষণ নেওয়ার দরকার হচ্ছে কোনও কোনও ক্ষেত্রে। একজন কেরিয়ার এজেন্টের কাজ শুরুর জন্য কোনও পুঁজি লাগে না। জীবনবিমা সংস্থা কাজের উপযোগী প্রশিক্ষণ দেয় নানা স্তরে। কাজ করার জন্য সংস্থা থেকে নানাভাবে সহায়তা পাওয়া যায়। ৩ বছর ধরে প্রতি মাসে স্টাইপেন্ড পাওয়া যায়। আর পাওয়া যায় ব্যবসার ওপর আকর্ষণীয় কমিশন। ধরে নেওয়া হয়, তিন বছরে একজন কেরিয়ার এজেন্ট নিজেকে প্রতিষ্ঠিত করতে পারবেন। তারপর ধৈর্য ধরে ও পরিশ্রম করে কাজ করতে পারলে উপার্জন বহু গুণ বাড়তে বাধ্য। আমি জীবনবিমার কর্মী। আমার হাত ধরে কেরিয়ার এজেন্টের পেশায় এসেছেন, এমন অনেক ছেলেমেয়ে প্রতি মাসের হিসেবে আমার থেকে অনেক বেশি উপার্জন করেন। বড় কেরিয়ার এজেন্টরা দেশের মধ্যেই এক শহর থেকে আরেক শহরে যাতায়াত করেন বিমানে। তাঁদের সময়ের দাম প্রচুর। আমরা এইসব ছেলেমেয়েদের নিয়ে গর্বিত।

মূলত আমি যেটা বলতে চাইছি তা হল, বাঙালি ছেলেমেয়েদের জ্ঞান, বুদ্ধি নিয়ে সংশয় নেই। একটু সাহসী হতে পারলে আর দাঁতে দাঁত চেপে কাজে ঝাঁপিয়ে পড়লে এই ছেলেমেয়েরা অনেক বড় বড় কাজ করতে পারে, এ ব্যাপারে আমি নিঃসন্দেহ।

### কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য

### কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

কর্মক্ষেত্র (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# মিনারেল এক্সপ্লোরেশন কর্পোরেশনে ২২১

প্রথম পাতার পর

সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। মিনিটে ৮০টি ইংরেজি শব্দ শর্টহ্যান্ডে লেখার এবং ৪০টি ইংরেজি শব্দ টাইপ করতে পারার সার্টিফিকেট থাকতে হবে এবং সার্টিফিকেটটি সরকার স্বীকৃত কোনও প্রতিষ্ঠানের হতে হবে। স্টেনোগ্রাফার পদে সরকারি বা বাণিজ্যিক কোনও সংস্থায় অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

পোস্ট কোড ১৬: **টেকনিশিয়ান (ড্রিলিং)**: শূন্যপদ ৪১টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেইসঙ্গে মেকানিক (আর্থ মুভিং মেশিনারি) বা ডিজেল মেকানিক বা মোটর মেকানিক অথবা ফিটার ট্রেডে আই টি আই সার্টিফিকেট। ড্রিলিংয়ের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

পোস্ট কোড ১৭: **মেশিনিস্ট**: শূন্যপদ ১২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, ও বি সি ৩)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক এবং সেইসঙ্গে টার্নার বা মেশিনিস্ট বা গ্রাইন্ডার-মিলার বা হিট ট্রিটমেন্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট। মেশিনিস্ট বা সংশ্লিষ্ট ট্রেডে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

পোস্ট কোড ১৮: **অপারেটর (কম্পিউটার)**: শূন্যপদ ৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: বি সি এ বা বি সি এস বা বি সি সি এ অথবা কম্পিউটার সায়েন্স বা আই টি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনসের বি এসসি ডিগ্রি অথবা ইনফর্মেশন সিস্টেম অ্যান্ড ম্যানেজমেন্টের ব্যাচেলর্স ডিগ্রি অথবা যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট এবং সেইসঙ্গে আই টি বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

পোস্ট কোড ১৯: **অ্যাসিস্ট্যান্ট (হিউম্যান রিসোর্স)**: শূন্যপদ ২৯টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। এর মধ্যে ৩টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: বি এ বা বি কম বা বি এসসি বা বি বি এ বা বি বি এম অথবা বি এস ডব্লু ডিগ্রি। মিনিটে ৪০টি ইংরেজি শব্দ টাইপ করতে পারার প্রমাণ হিসেবে সরকার স্বীকৃত প্রতিষ্ঠানের সার্টিফিকেট থাকতে হবে। নামী সংস্থায় অফিস অ্যাসিস্ট্যান্ট পদে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

পোস্ট কোড ২০: **টেকনিশিয়ান (সার্ভে অ্যান্ড ড্রাফটসম্যান)**: শূন্যপদ ৬টি (সাধারণ ৪, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সার্ভে বা ড্রাফটসম্যানশিপ (সিভিল) ট্রেডে আই টি আই সার্টিফিকেট। সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

পোস্ট কোড ২২: **অ্যাসিস্ট্যান্ট (মেটেরিয়ালস)**: শূন্যপদ ১৮টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে ৪টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: অন্যতম বিষয় হিসেবে গণিত নিয়ে স্নাতক অথবা বি কম। মিনিটে ৪০টি ইংরেজি শব্দ টাইপ করতে পারার স্বীকৃত সার্টিফিকেট থাকতে হবে। বড় সংস্থায় ইঞ্জিনিয়ারিং ও টেকনিক্যাল স্টোর ব্যবস্থাপনার কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

পোস্ট কোড ২৩: **টেকনিশিয়ান (স্যাম্পলিং)**: শূন্যপদ ৮টি (সাধারণ ৪, ও বি সি ৪)। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি। ড্রিল কোর মাইন স্যাম্পলিংয়ের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

পোস্ট কোড ২৪: **অ্যাসিস্ট্যান্ট (অ্যাকাউন্টস)**: শূন্যপদ ১৫টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ৩টি শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: বি কম ডিগ্রি। অ্যাকাউন্টসের কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

পোস্ট কোড ২৭: **মেকানিক**: শূন্যপদ ৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ডিজেল বা মোটর মেকানিক বা ফিটার ট্রেডে আই টি আই সার্টিফিকেট। ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ২০,২০০-৪৯,৩০০ টাকা।

পোস্ট কোড ২৮: **জুনিয়র ড্রাইভার**: শূন্যপদ ৩০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। লাইট ও হেভি ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স এবং উভয় প্রকার গাড়ি চালানোর ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ১৯,৬০০-৪৭,৯০০ টাকা।

সব ক্ষেত্রেই ২৫-৫-২০১৮ তারিখে বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। বয়সে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mecl.co.in ১৬ জুলাই থেকে অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্ত করার শেষ তারিখ ১৬ অগস্ট।

খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: 03/Rectt./2018.

# পশ্চিমবঙ্গ বিদ্যুৎ সরবরাহ সংস্থায় ২৯৯

প্রথম পাতার পর

টেকনিশিয়ান গ্রেড-থ্রি: ১১৬টি, জুনিয়র এক্সিকিউটিভ (স্টোর্স): ২০টি। বয়স: ১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। পশ্চিমবঙ্গের সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbsetcl.in দরখাস্তের শেষ তারিখ ১৭ জুলাই। এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীরা চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# ৫২৫০ নার্স নিয়োগ করবে রাজ্য

**নিজস্ব প্রতিনিধি**: সরকারি স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে নার্সের সংখ্যায় ঘাটতি মেটাতে উদ্যোগী হল পশ্চিমবঙ্গ সরকার। পাঁচ হাজারেরও বেশি নার্স নিয়োগের সিদ্ধান্তটি রাজ্য মন্ত্রিসভার অনুমোদনও পেয়ে গিয়েছে।

২০ জুন মন্ত্রিসভার বৈঠক শেষে স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানান, ৫,২৫০ জন নার্স নিয়োগ করবে রাজ্য। সরকারি স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে নার্সের ঘাটতি পূরণে এবং হেলথ ওয়েলনেস সেন্টারগুলিতে আরও ভালো পরিষেবা দেওয়ার জন্য এই বিপুল সংখ্যক নার্স নিয়োগের প্রক্রিয়া শীঘ্রই শুরু হবে।

# রাজ্যের সরকারি হাসপাতালে ১৯৩ ফিজিওথেরাপিস্ট

প্রথম পাতার পর

আগাম তথ্য জানানো হয়েছিল। এই সংখ্যায় ফিজিওথেরাপিস্ট পদে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা-সহ দরখাস্ত করার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত তথ্য জানানো হল।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/MT/Phar./Physio./48/4/2018.

শূন্যপদের বিন্যাস: মোট শূন্যপদ: ১৯৩টি (সাধারণ ৯৯, তফসিলি জাতি ৪৪, তফসিলি উপজাতি ১১, ও বি সি-এ ১৯, ও বি সি-বি ১৪, দৈহিক প্রতিবন্ধী ৬)।

**শিক্ষাগত যোগ্যতা**: ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক। সঙ্গে পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে ফিজিওথেরাপিতে ২ বছর মেয়াদের ডিপ্লোমা। সংশ্লিষ্ট বিষয়ে ব্যাচেলর্স ডিগ্রিধারীদের অগ্রাধিকার।

**বয়স**: ১-১-২০১৮ তারিখে ৩৯ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং ও বি সি ক্যাটেগরির প্রার্থীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৬০০ টাকা।

শিক্ষাগত যোগ্যতা এবং কাজের অভিজ্ঞতার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো, সই, উচ্চমাধ্যমিক ও অন্যান্য শিক্ষাগত যোগ্যতার মার্কশিট এবং প্রযোজ্য ক্ষেত্রে কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে। অনলাইন দরখাস্তের সময় লগ ইন আই ডি এবং পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন।

ফি বাবদ দিতে হবে ১৬০ টাকা। পশ্চিমবঙ্গের তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না। গভর্নমেন্ট রিসিপ্ট পোর্টাল সিস্টেম (জি আর পি এস)-এ অংশগ্রহণকারী যে-কোনও ব্যাঙ্কের মাধ্যমে ফি জমা দিতে হবে (হেড অব অ্যাকাউন্ট: ০০৫১-০০-১০৪-০০২-১৬)। ফি জমা দেওয়ার পর ওয়েবসাইটে পুনরায় লগ-ইন করে দরখাস্ত পূরণ করতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩০ জুন থেকে ৯ জুলাই পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

GYANKOSH ACADEMY
H.O. - DumDum, Kolkata ❖ www.distanceedu-wb.com
E-mail : gyankoshadm@gmail.com
Contact : 8583956901 / 7980879741
নিশ্চিত চাকরীর সেরা কোর্স নার্সিং
GNM, B.Sc নার্সিং এ ভর্তি চলছে (পঃ বঃ, অন্ধ্র, ব্যাঙ্গালুরু)
❖ সরাসরি Admission
❖ কোলকাতায় থিওরী ও প্র্যাকটিক্যালের ব্যবস্থা
❖ শিক্ষান্তে 100% চাকুরির নিশ্চয়তা
❖ থাকা খাওয়ার সু-বন্দোবস্থ INC স্বীকৃত A1 কলেজ
D-Pharm, B-Pharm ও প্যারামেডিক্যাল কোর্স অল্প খরচে
51/83A, Dum Dum Road, Near Dum Dum Metro Station
যোগাযোগ
সারেঙ্গা-8348943921/9434160013, সিমলাপাল / বাঁকুড়া-9126910933, আরামবাগ(VICE)-9733590675, পুরুলিয়া-9007198208, মেদিনীপুর-9775220905, বিষ্ণুপুর-8348409090, কোতুলপুর / কামারপুকুর -8918766894, হাওড়া-7980721031, গোয়ালতোড়-9609168072, বারাসাত-6294513257, নর্থবেঙ্গল-8918880574, বর্ধমান-9475124588, চন্ডিপুর-9732794580
D.Ed, B.Ed, LLB, B.Tech Top Colleges এছাড়া আরও আকর্ষণীয় কোর্স

Matangini Institute of Technology & Management
Govt. Reg. : S/2L/No. 46401 www.mitmeducation.org
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ছাত্র-ছাত্রীদের জন্য
100% Scholership নিয়ে পড়ার সুযোগ
Hospitality & Hotel Management
BCA কোর্স ফি




কোর্স করতে করতে Income এর সুবিধা
বিশেষ সুবিধা
✱ কোর্স শেষ হওয়ার আগে চাকুরীর লিখিত Guarantee
✱ Free Hostel for Girls & Boy's
পাঁশকুড়া (আর.এস), পূর্ব মেদিনীপুর
9564784173, 7586053479

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## পি এস সি

□ *পশ্চিমবঙ্গ পি এস সি আয়োজিত 'ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিস অ্যান্ড ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিস এক্সামিনেশন'-এর মাধ্যমে বন দপ্তরে প্রার্থী নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —মিলন ঘোষ, জামনা, বীরভূম।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিস অ্যান্ড ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিস এক্সামিনেশন'-এ বসার জন্য শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান বা ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় স্নাতক। স্নাতকস্তরে এই বিষয়গুলির মধ্যে যে-কোনও একটি বিষয় পড়ে থাকতে হবে: বিজ্ঞান শাখার ক্ষেত্রে: এগ্রিকালচার, বটানি, কেমিস্ট্রি, কম্পিউটার অ্যাপ্লিকেশন, কম্পিউটার সায়েন্স, ফরেস্ট্রি, জিওলজি, হর্টিকালচার, ম্যাথমেটিক্স, ফিজিক্স, স্ট্যাটিস্টিক্স, ভেটেরিনারি সায়েন্স, জুলজি, এনভায়রনমেন্টাল সায়েন্স। ইঞ্জিনিয়ারিং শাখার ক্ষেত্রে: এগ্রিকালচারাল, কেমিক্যাল, সিভিল, কম্পিউটার, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল। প্রার্থীকে অবশ্যই বাংলায় পড়তে, লিখতে, বলতে জানতে হবে। এর পাশাপাশি উচ্চতা থাকতে হবে ১৬৩ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫২ সেমি)। বুকের ছাতির মাপ না-ফুলিয়ে ও ফুলিয়ে হতে হবে ৮৪ সেমি ও ৮৯ সেমি। খুঁটিনাটি তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: www.pscwbonline.gov.in

□ *পশ্চিমবঙ্গ পি এস সি-র মাধ্যমে রাজ্য সরকারের ফায়ার অ্যান্ড এমার্জেন্সি সার্ভিসেস দপ্তরে ফায়ার অপারেটর পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? প্রার্থী বাছাইয়ের দৈহিক সক্ষমতার পরীক্ষায় কী কী থাকবে? —অপূর্ব সামন্ত, চন্দ্রকোণা, পশ্চিম মেদিনীপুর।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্য সরকারের ফায়ার অ্যান্ড এমার্জেন্সি সার্ভিসেস দপ্তরে ফায়ার অপারেটর পদে নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: অন্তত মাধ্যমিক পাশ। সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল এবং অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটিতে আই টি আই সার্টিফিকেট কোর্স করে থাকলে, কোনও ক্লাব বা ইনস্টিটিউটের সুইমিং সার্টিফিকেট থাকলে এবং কোনও সংস্থায় ফায়ার ফাইটিংয়ে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে অন্তত ৫ ফুট ৬ ইঞ্চি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৩২ ও ৩৪ ইঞ্চি হতে হবে। প্রার্থী বাছাইয়ের দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৫ মিনিটে ১ কিলোমিটার দৌড়, ২০ সেকেন্ডে একটি নির্দিষ্ট মাপের মই বেয়ে ওঠা, ১ মিনিটে তিন তলা বাড়ির সিঁড়ি বেয়ে ওঠা, ১.২২ মিটার হাইজাম্প, শুধু হাতের সাহায্যে ১ মিনিটে দড়ি ধরে ওঠা এবং একটি ৬৩.৫ কেজি ওজনের বালির বস্তা বহন করে ৫০ মিটার দূরত্ব অতিক্রম। এর মধ্যে অন্তত চারটি ক্ষেত্রে প্রার্থীকে উত্তীর্ণ হতে হবে। বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.pscwbapplication.in

## ইউ পি এস সি

□ *ইউ পি এস সি আয়োজিত 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (২), ২০১৮' পরীক্ষার জন্য আবেদন করেছি। এই পরীক্ষায় কোন কোন বিষয়ে কত নম্বরের প্রশ্ন হবে বিস্তারিত জানাবেন। —দেবর্ষি সাহা, কাঁচুপুর, উত্তর ২৪ পরগনা।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (২), ২০১৮' পরীক্ষায় অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে এই দু'টি বিষয়ে: ম্যাথমেটিক্স (কোড ০১), জেনারেল এবিলিটি টেস্ট (কোড ০২)। ম্যাথমেটিক্সে মোট নম্বর ৩০০। জেনারেল এবিলিটি টেস্ট অংশে নম্বর ৬০০। দু'টি বিষয়ের ক্ষেত্রেই সময়সীমা আড়াই ঘণ্টা করে। প্রশ্ন হবে অবজেক্টিভ ধরনের। কোড ০১-এ থাকবে অ্যালজেব্রা, ম্যাট্রিক্স অ্যান্ড ডিটারমিন্যান্টস, ট্রিগোনোমেট্রি, অ্যানালিটিক্যাল জিওমেট্রি অব টু অ্যান্ড থ্রি ডায়মেনশনস, ডিফারেন্সিয়াল ক্যালকুলাস, ইন্টিগ্রাল ক্যালকুলাস অ্যান্ড ডিফারেন্সিয়াল ইকুয়েশনস, ভেক্টর অ্যালজেব্রা এবং স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোবাবিলিটি। কোড ০২-এর পার্ট 'এ'-তে ইংরেজি (২০০ নম্বর) ও পার্ট 'বি'-এ জেনারেল নলেজের (৪০০ নম্বর) প্রশ্ন থাকবে। জেনারেল নলেজ অংশে ফিজিক্স, কেমিস্ট্রি, জেনারেল সায়েন্স, হিস্ট্রি, ফ্রিডম মুভমেন্ট, জিওগ্রাফি ও কারেন্ট ইভেন্ট বিষয়ক প্রশ্ন হবে। সব ক্ষেত্রেই ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষার পরে হবে ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্ট। দুই পর্বে পরীক্ষা হবে। প্রথম পর্যায়ে থাকবে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট, পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজি-ক্যাল টেস্ট ও কনফারেন্স। প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হলে তবেই দ্বিতীয় পর্যায়ের পরীক্ষার জন্য ডাক পাওয়া যাবে। দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## ব্যাঙ্ক

□ *আই বি পি এস-এর মাধ্যমে গ্রামীণ ব্যাঙ্কে অফিসার স্কেল-ওয়ান পদের জন্য দরখাস্ত করেছি। পরীক্ষার তারিখ কি ঘোষণা করা হয়েছে? এই পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই সম্পর্কে বিস্তারিত জানাবেন। —দেবার্ঘ রক্ষিত, সাতঘাছিয়া, পূর্ব বর্ধমান।*

□□ আই বি পি এস-এর মাধ্যমে গ্রামীণ ব্যাঙ্কে অফিসার স্কেল-ওয়ান পদের প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের অনলাইন পরীক্ষার মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষা হবে ১১, ১২ ও ১৮ অগস্ট (কর্তৃপক্ষ মনে করলে)। মেন পরীক্ষা হবে অফিসার পদের ক্ষেত্রে ৩০ সেপ্টেম্বর। প্রিলিমিনারি অনলাইন পরীক্ষায় থাকবে ৪০ নম্বরের রিজনিং ও ৪০ নম্বরের নিউমেরিক্যাল এবিলিটি। সময় ৪৫ মিনিট। মেন পরীক্ষায় থাকবে ৫০ নম্বরের রিজনিং, ৫০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ৪০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস, ৪০ নম্বরের ইংলিশ বা হিন্দি ল্যাঙ্গুয়েজ এবং ২০ নম্বরের কম্পিউটার নলেজ বিষয়ে প্রশ্ন। সময় দু'ঘণ্টা। বিস্তারিত সিলেবাসের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ibps.in

□ *ব্যাঙ্ক অব বরোদায় ব্যাঙ্কিং ও ফিনান্সের পোস্ট-গ্র্যাজুয়েট সার্টিফিকেট কোর্স করিয়ে প্রবেশনারি অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —সনাতন মণ্ডল, বারুই, মালদা।*

□□ ব্যাঙ্ক অব বরোদায় ব্যাঙ্কিং ও ফিনান্সের পোস্ট-গ্র্যাজুয়েট সার্টিফিকেট কোর্স করিয়ে প্রবেশনারি অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ স্নাতক। প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা, সাইকোমেট্রিক টেস্ট, গ্রুপ ডিসকাশন এবং পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ ২৮ জুলাই। লিখিত পরীক্ষায় প্রশ্ন আসবে রিজনিং ও কম্পিউটার অ্যাপ্টিটিউড (৭৫ নম্বর), জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩৫ নম্বর) বিষয়ে। প্রশ্ন হবে অবজেক্টিভ ধরনের। এর সঙ্গে থাকবে ৫০ নম্বরের ডেসক্রিপটিভ ইংরেজি (লেটার রাইটিং ও এসে রাইটিং)। মোট সময়সীমা ৩ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। বিস্তারিত সিলেবাসের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.bankofbaroda.com

## কোর্স, ট্রেনিং

□ *উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ে এগ্রিকালচারে বি এসসি (অনার্স) কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —চন্দন পাল, মাথভাঙা, জলপাইগুড়ি।*

□□ এগ্রিকালচারের ৪ বছরের স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়। কোর্সটি পড়ানো হবে প্রতিষ্ঠানের দক্ষিণ দিনাজপুরের মাঝিয়ান ও কোচবিহারের পুন্ডিবাড়ি ক্যাম্পাসে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে অবশ্যই ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা এগ্রিকালচার বা হর্টিকালচার বা ভোকেশনাল এগ্রিকালচার বা ভোকেশনাল হর্টিকালচার পড়ে থাকতে হবে। ভোকেশনাল শাখার ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ এগ্রিকালচার বা হর্টিকালচার শাখায় উচ্চমাধ্যমিক। অন্যতম বিষয় হিসেবে অবশ্যই ক্রপ প্রোডাকশন বা ক্রপ ম্যানেজমেন্ট বা প্ল্যান্ট ম্যানেজমেন্ট পড়ে থাকতে হবে। ২৯ জুনের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ubkv.ac.in অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই, বয়সের প্রমাণপত্র, শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেট, ডোমিসাইল সার্টিফিকেট আপলোড করতে হবে। ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা)।

□ *ইন্ডিয়ান সায়েন্স নিউজ অ্যাসোসিয়েশনে বিজ্ঞান সাংবাদিকতার কোর্স করতে চাই। এটি কি সান্ধ্য কোর্স? কোর্স ফি কত? কোর্সটি করতে কীরকম শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —পারমিতা মুখার্জি, পোলেরহাট, উত্তর ২৪ পরগনা।*

□□ ইন্ডিয়ান সায়েন্স নিউজ অ্যাসোসিয়েশনে বিজ্ঞান সাংবাদিকতার সার্টিফিকেট কোর্স করানো হয়। 'সায়েন্স কমিউনিকেশন অ্যান্ড মিডিয়া প্র্যাক্টিস' নামের এই সার্টিফিকেট কোর্সটি কেন্দ্রীয় সরকারের বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি দপ্তরের অধীনস্থ স্বশাসিত সংস্থা বিজ্ঞান প্রসারের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হয়ে থাকে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। কোর্সের মেয়াদ চার মাস। বিজ্ঞান-বিষয়ক লেখায় আগ্রহ থাকলে অগ্রাধিকার। এটি একটি সান্ধ্য কোর্স। সপ্তাহে পাঁচ দিন সন্ধে ৬টা থেকে ৮টা পর্যন্ত ক্লাস। কোর্স ফি ২,০০০ টাকা। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই ভর্তির জন্য আবেদন করতে পারেন। যোগাযোগের ঠিকানা: ইন্ডিয়ান সায়েন্স নিউজ অ্যাসোসিয়েশন, ৯২, আচার্য প্রফুল্ল চন্দ্র রোড, কলকাতা-৭০০ ০০৯ (রাজাবাজার সায়েন্স কলেজ ক্যাম্পাস)। ফোন: (০৩৩) ২৩৫০ ২২২৪। বিশদে জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.scienceandculture-isna.org

## অন্যান্য চাকরি

□ *ভারতীয় নৌবাহিনীতে ম্যাট্রিক রিক্রুটস এন্ট্রির মাধ্যমে শেফ পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানাবেন। —মৃন্ময় প্রামাণিক, পুরন্দরপুর, বাঁকুড়া।*

□□ ভারতীয় নৌবাহিনীতে ম্যাট্রিক রিক্রুটস এন্ট্রিতে শেফ পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং শারীরিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স ও সায়েন্স বিষয়ে। সময়সীমা ৩০ মিনিট। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট-আপ (ওঠবস), ১০টি পুশ-আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন (প্রিলিমিনারি)। গোটা প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ১-২ দিন ধরে। বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ *রাজ্যের সরকারি হাসপাতালে মেডিক্যাল টেকনোলজিস্ট (ল্যাব) পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —পিয়াল হালদার, লোচনপুর, মুর্শিদাবাদ।*

□□ রাজ্যের সরকারি হাসপাতালে মেডিক্যাল টেকনোলজিস্ট (ল্যাব) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক। সঙ্গে স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি অব ওয়েস্ট বেঙ্গল স্বীকৃত কোনও প্রতিষ্ঠান বা পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে ল্যাবরেটরি টেকনোলজিতে ২ বছর মেয়াদের ডিপ্লোমা অথবা ব্যাচেলর্স ডিগ্রি। অথবা বি এসসি (পিওর/ বায়ো) এবং সঙ্গে ল্যাবরেটরি টেকনোলজিতে ১ বছর মেয়াদের ডিপ্লোমা। ওয়েবসাইট: www.wbhrb.in

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## গ্রুপ 'ডি' নিয়োগ নিয়ে মামলা আদালতে, ফলপ্রকাশ নিয়ে চূড়ান্ত অনিশ্চয়তা

ফের মামলার গেরোয় রাজ্য সরকারি পরীক্ষার নিয়োগ। তার জেরে অনিশ্চিত রাজ্যের লক্ষ লক্ষ চাকরিপ্রার্থীর ভবিষ্যৎ। পরীক্ষার পর বছর গড়িয়ে গেলেও রাজ্য সরকারের গ্রুপ 'ডি' পদে নিয়োগের পরীক্ষার ফল এখনও পর্যন্ত প্রকাশ তো হলই না, উল্টে নিয়োগে অনিয়মের অভিযোগ তুলে মামলা দায়ের করা হল আদালতে। বছর তিনেক আগে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ঘোষণা করেছিলেন, পর্যায়ক্রমে শিক্ষক-সহ গ্রুপ 'সি' ও 'ডি' পদে দু'লাখ কর্মচারী নিয়োগ করবে রাজ্য সরকার। তাঁর ঘোষণা অনুযায়ী, গ্রুপ 'ডি'-র ৬০ হাজার পদের মধ্যে প্রথম পর্যায়ে ৬ হাজার পদে নিয়োগের জন্য গত বছর মে মাসে পরীক্ষা নেয় 'ওয়েস্ট বেঙ্গল গ্রুপ ডি রিক্রুটমেন্ট বোর্ড'। আবেদনকারীর সংখ্যা ছিল প্রায় ২৪ লক্ষ। ন্যূনতম যোগ্যতা ছিল ক্লাস এইট পাশ। লিখিত পরীক্ষার পর ইন্টারভিউও শেষ হয়ে গিয়েছে। নির্বাচিত প্রার্থীদের তালিকা তৈরির কাজও শেষ। কিন্তু এই নিয়োগের ক্ষেত্রে এক্সেম্পটেড ক্যাটেগরির (ই সি) সংরক্ষণ যথাযথভাবে কার্যকর না করার অভিযোগ তুলে স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনালে (স্যাট) মামলা দায়ের করেছেন প্রণব রায় ও জনৈক চাকরিপ্রার্থী। স্যাট-এর বিচারপতি অমিত তালুকদার এবং প্রশাসনিক সদস্য এ কে চন্দ নিয়োগ প্রক্রিয়া কিংবা ফলপ্রকাশে স্থগিতাদেশ না দিলেও আদালতের রায় মেনেই সরকারকে ফলপ্রকাশ করতে হবে বলে জানিয়েছেন। ১৯ জুলাই ফের শুনানি রয়েছে বিচারপতি আর কে বাগ এবং প্রশাসনিক সদস্য সুবেশ দাশের বেঞ্চে। এই পরিস্থিতিতে গ্রুপ 'ডি'-র ফলপ্রকাশ বিশ বাঁও জলে।

আবেদনকারীদের অভিযোগ, সরকারি কর্মচারী নিয়োগের ক্ষেত্রে রাজ্যের শ্রম দপ্তরের মডেল হান্ড্রেড পয়েন্ট রোস্টার অনুযায়ী, ই সি ক্যাটেগরির প্রার্থীদের কোটা ৩০ শতাংশ। কিন্তু ই সি কোটা নিয়ে রাজ্য সরকারের যে নির্দেশিকা, তা মানা হচ্ছে না এই নিয়োগের ক্ষেত্রে। সরকারি আইনজীবীর যুক্তি, যেহেতু একাধিক দপ্তরের কাছ থেকে শূন্যপদের তালিকার ভিত্তিতে এই নিয়োগের উদ্যোগ নেওয়া হয়েছে, তাই সংশ্লিষ্ট দপ্তরের হান্ড্রেড পয়েন্ট রোস্টার অনুযায়ী, সেই সংখ্যক শূন্যপদে কোন কোন ধরনের প্রার্থী নিয়োগ করার কথা, তা বিবেচনা করেই ই সি ক্যাটেগরি নির্ধারিত করেছে গ্রুপ 'ডি' বোর্ড। সরকারের এই যুক্তি মানতে নারাজ মামলাকারীরা। তাঁদের বক্তব্য, কোনও নির্দিষ্ট দপ্তরের জন্য নিয়োগ করছে না সরকার। সামগ্রিক ভাবে সরকারি পদে নিয়োগের প্রক্রিয়া চলছে। তাই ই সি ক্যাটেগরির প্রার্থীদের জন্য ৩০ শতাংশ আসনই নির্দিষ্ট থাকা প্রয়োজন।

এই আইনি জটিলতার চক্রে পড়ে ফের অনিশ্চয়তায় হতাশ চাকরিপ্রার্থীরা। মামলা কতদিন চলবে তার ঠিক নেই, স্যাট-এ মামলার নিষ্পত্তি আদৌ হবে কি না তার ঠিক নেই, শুনানি শেষ হলেও ফলপ্রকাশ কবে করবে রিক্রুটমেন্ট বোর্ড, তা-ও কেউ জানে না। সব মিলিয়ে অন্যান্য সরকারি চাকরির নিয়োগের মতোই কালের গর্ভে চলে গেল গ্রুপ 'ডি' নিয়োগ। তাই আমরা অত্যন্ত হতাশ, ব্যথিত, চিন্তিত ও উদ্বিগ্ন। **পরেশ সাধুখাঁ, গাজিপুর, হাওড়া।**

**আবেদনকারীদের অভিযোগ, সরকারি কর্মচারী নিয়োগের ক্ষেত্রে রাজ্যের শ্রম দপ্তরের মডেল হান্ড্রেড পয়েন্ট রোস্টার অনুযায়ী, ই সি ক্যাটেগরির প্রার্থীদের কোটা ৩০ শতাংশ। কিন্তু ই সি কোটা নিয়ে রাজ্য সরকারের যে নির্দেশিকা, তা মানা হচ্ছে না এই নিয়োগের ক্ষেত্রে।**

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সহজে শিখুন কম্পিউটার

যে-কোনও পড়াশোনার সঙ্গে সঙ্গে কম্পিউটার শিক্ষা এখন অবশ্যপ্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে। শুধু কম্পিউটার-সংক্রান্ত পেশায় প্রবেশের জন্যই নয়, যে-কোনও কাজ করতে গেলেই জানতে হচ্ছে কম্পিউটারের ব্যবহার। ছাত্র-ছাত্রী এবং চাকরিপ্রার্থীদের প্রয়োজনের কথা মনে রেখেই সহজে কম্পিউটার শেখার এই বিভাগ।

## মাইক্রোসফট এক্সেল

**Formula → Financial**

**= SYD (SUM YEAR DIGIT)**

গত সংখ্যায় আমরা '=SYD' function নিয়ে আলোচনা করছিলাম। এবার একটি উদাহরণ দিয়ে দেখাই—

কোনও এক ব্যক্তি তার ব্যবহারের জন্য একটি গাড়ি ক্রয় করলেন। গাড়িটির ক্রয়মূল্য 50000 টাকা এবং তা ব্যবহার করা যাবে 4 বছর। ব্যবহারকাল শেষে এর অপচয়মূল্য হবে 20000 টাকা। এখন '=SYD' এই ফাংশানের সাহায্যে কীভাবে Depreciation নির্ণয় করা যায় দেখে নিই—

প্রথমে একটি এক্সেল ওয়ার্কশিট তৈরি করেছি এই value-গুলি দিয়ে।

এবার '=SYD' ব্যবহার করব।

প্রথম বছরের depreciation নির্ণয়ের জন্য—

=SYD(50000,20000,4,1) ↵ ENTER

এর result হবে 12000 টাকা। এই ভাবে দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ বছরের depreciation cost বের করা যায় '=SYD' ফাংশানের সাহায্যে।



DEPRECIATION COST CALCULATION

| ITEM | COST | SALVAGE | LIFE | YEAR | DB | SYD |
|---|---|---|---|---|---|---|
| CAR | 50000 | 20000 | 4 | 1 | 10,250.00 | 12,000.00 |
| | | | | 2 | 8,148.75 | 9,000.00 |
| | | | | 3 | 6,478.26 | 6,000.00 |
| | | | | 4 | 5,150.21 | 3,000.00 |
| | | | | TOTAL | 30,027.22 | 30,000.00 |

=syd (Cost, Salvage, Life, Period)



DEPRECIATION COST CALCULATION

| ITEM | COST | SALVAGE | LIFE | YEAR | DB | SYD |
|---|---|---|---|---|---|---|
| CAR | 50000 | 20000 | 4 | 1 | 10,250.00 | 12,000.00 |
| | | | | 2 | 8,148.75 | 9,000.00 |
| | | | | 3 | 6,478.26 | 6,000.00 |
| | | | | 4 | 5,150.21 | 3,000.00 |
| | | | | TOTAL | 30,027.22 | 30,000.00 |

=SYD(50000,20000,4,1) ↵ ENTER



DEPRECIATION COST CALCULATION

| ITEM | COST | SALVAGE | LIFE | YEAR | DB | SYD |
|---|---|---|---|---|---|---|
| CAR | 50000 | 20000 | 4 | 1 | 10,250.00 | 12,000.00 |
| | | | | 2 | 8,148.75 | 9,000.00 |
| | | | | 3 | 6,478.26 | 6,000.00 |
| | | | | 4 | 5,150.21 | 3,000.00 |
| | | | | TOTAL | 30,027.22 | 30,000.00 |

Rs.12,000.00

ক্রমশ

বাসুদেব চট্টোপাধ্যায়

# কম্পিউটারজিজ্ঞাসা



কম্পিউটারে (SIMM) এবং (DIMM)-এর পুরো কথাটি কী? —মঞ্জু বিশ্বাস, কল্যাণী, নদিয়া।

□□ এই দুটির পুরো কথা হল Single In-Line Memory Module (SIMM) এবং Dual In-Line Memory Module (DIMM)।

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার সায়েন্সে স্নাতকোত্তর স্তরে কত সেমিস্টারের কোর্স করানো হয়? —অরবিন্দ আচার্য, লিলুয়া, হাওড়া।

□□ বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার সায়েন্সে স্নাতকোত্তর স্তরে এমসিএ (মাস্টার ইন কম্পিউটার অ্যাপ্লিকেশন) এবং এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এই কোর্স দুটি পড়ানো হয়। এমসিএ কোর্সটি ৬ সেমিস্টার বা ৩ বছরের। এমএসসি ইন কম্পিউটার সায়েন্স কোর্সটি ৪ সেমিস্টার বা ২ বছরের।

কম্পিউটারে ডেটা এন্ট্রির কাজ শিখে কীভাবে স্বনির্ভর হতে পারি? —শেখ আসাদ, বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর।

□□ আপনাকে খুব দ্রুত কম্পিউটারে টাইপিংটা শিখে নিতে হবে। স্থানীয় কোনও প্রতিষ্ঠান থেকে কম্পিউটারের বেসিক বিষয়গুলি শেখার সঙ্গে সঙ্গে টাইপিংটাও রপ্ত করে নিতে পারবেন। টাইপিং নিয়মিত অভ্যাস করে গতিও বাড়িয়ে নিতে পারবেন। যা আপনাকে কাজ পেতে সাহায্য করবে। কম্পিউটারে এখন অনেক রকম প্রশিক্ষণ দেওয়া হয়। সরকারি বা বেসরকারি চাকরি পাওয়ার ক্ষেত্রে কম্পিউটারের প্রশিক্ষণ সহায়ক হতে পারে।

NCTE -র নতুন নিয়ম অনুযায়ী প্রাইমারী ও হাইস্কুলে শিক্ষকতার জন্য
বাধ্যতা মূলক - B.Ed, D.El.Ed
সরাসরি ভর্তি চলছে শুধুমাত্র HALDAR ACADEMY-তে
B.Ed D.El.Ed M.Ed B.P.Ed D.Pharm B.Pharm
এছাড়া ভর্তি চলছে ঃ- মাধ্যমিক, উচ্চমাধ্যমিক
B.A., M.A., B.Sc, M.Sc, B.Com, M.Com
MSW, BBA, BCA, LLB, Hotel Management
এবছর যারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করতে পারেননি তারা ভর্তির জন্য শিঘ্রই যোগাযোগ করুন।
(মনে রাখবেন আমাদের সমস্ত কোর্স সরকারী স্বীকৃত এবং প্রাইমারী, SSC, PSC, RAIL, BANK, WBCS সহ সমস্ত সরকারী চাকুরীর পরীক্ষায় 100% গ্রহণযোগ্য)
All Course Approved by : UGC, DEC, SCERT, NCERT, AICTE, PCI, NCTE, WBBPE & MHRD
Session 2018-20
ভর্তির জন্য ফোন করুন ঃ-
9007697749 / 9007700707
HALDAR ACADEMY
(ISO CERTIFIED INSTITUTE)
সোনারপুর, কোলকাতা-১৫০ (কালীতলার বিপরীতে) Director Mr. S. Haldar

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

১০ জুন-১৫ জুন

**১০ জুন** প্রথম 'বন্ড গার্ল' হিসেবে খ্যাত ইউনিস গেসন (৯০) প্রয়াত হলেন। ১৯৬২ সালে '০০৭' সিরিজের প্রথম সিনেমা 'ডক্টর নো' ছবিতে অভিনয় দিয়ে কেরিয়ার শুরু করেন তিনি। এর পর ১৯৬৩ সালে 'ফ্রম রাশিয়া উইথ লাভ' ছবিতেও সমান জনপ্রিয়তা পান ইউনিস।

কেনিয়াকে ২-০ গোলে হারিয়ে চার দেশের আন্তঃমহাদেশীয় ফুটবলে চ্যাম্পিয়ন হল ভারত। মুম্বইয়ে আয়োজিত ফাইনালে ভারতের হয়ে সুনীল ছেত্রী জোড়া গোল করেন। দেশের হয়ে ১০২ ম্যাচ খেলে ৬৪ গোল করলেন সুনীল। জাতীয় দলের হয়ে গোলের সংখ্যায় আর্জেন্তিনার লিয়োনেল মেসিকে ছুঁলেন ভারত অধিনায়ক।

**নেতাজি সুভাষের চিতাভস্ম ভারতে** ফেরানোর দাবি আবারও তুললেন তাঁর কন্যা অনিতা বসু পাফ। লন্ডনে এক সাহিত্য উৎসবের মঞ্চে অনিতা বলেন, 'এই দাবি আমাদের অনেক দিনের। আশা করি এ বার ফল মিলবে। যে দেশকে তিনি এত ভালবাসতেন, সে দেশের মাটিতেই তাঁর অন্তিম শয্যা হওয়া উচিত।' নেতাজির 'মৃত্যু রহস্য' নিয়েও এ দিন মন্তব্য করেন তিনি। অনেকেই যে সুভাষের মৃত্যু মানতে চান না তা মেনে নিয়েও অনিতা এ দিন বলেন, 'মানুষের হৃদয়ে উনি বেঁচেই আছেন। থাকবেনও চিরকাল।'

**১১ জুন** ব্রিটেনের সন্ত্রাস দমন বিষয়ক মন্ত্রী বি উইলিয়ামস বিজয় মাল্য-নীরব মোদীদের ব্রিটেন থেকে ফেরানোর প্রশ্নে দিল্লিকে সহযোগিতার আশ্বাস দিলেন। ভারতে এসে এ দিন নয়াদিল্লিতে উইলিয়ামের সঙ্গে বৈঠকে বসেছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী কিরেন রিজিজু। বৈঠকের পর রিজিজু বলেন, 'নীরব মোদী বা বিজয় মাল্য— প্রত্যর্পণের প্রশ্নে ভারতকে সব রকমের সাহায্যের আশ্বাস দিয়েছে ব্রিটেন।' স্বরাষ্ট্র মন্ত্রকও জানিয়েছে, ব্রিটিশ মন্ত্রীর সঙ্গে বৈঠকে নীরব মোদী, বিজয় মাল্যদের মতো অভিযুক্তদের ভারতে বিচারের জন্য দ্রুত প্রত্যর্পণের দাবি জানানো হয়েছে। রিজিজুর দাবি, ব্রিটেন সরকারের হয়ে এই ব্যাপারে ইতিবাচক পদক্ষেপ করার ব্যাপারে আশ্বাস দিয়েছেন ব্রিটিশ মন্ত্রী। এ ছাড়া গত কয়েক বছর ধরেই কাশ্মীর ও পাঞ্জাবের বিভিন্ন বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠী ব্রিটেনে সক্রিয় হয়ে উঠেছে। ভারত বিরোধী এই সব গোষ্ঠীগুলির বিরুদ্ধেও পদক্ষেপ করার জন্য দরবার করেছেন রিজিজু।

**১৩ জুন** মালদ্বীপের প্রাক্তন প্রেসিডেন্ট মামুন আব্দুল গায়ুমকে ১৯ মাস ৬ দিনের কারাদণ্ড দিল সে দেশের আদালত। প্রেসিডেন্ট ইয়ামিন আব্দুল গায়ুমের সরকারকে ফেলে দেওয়ার ষড়যন্ত্র করার অভিযোগে ফেব্রুয়ারি মাসে গ্রেপ্তার করা হয় তাঁর সৎ ভাই মামুনকে।

**গ্রীক বীর আলেকজান্ডারের স্মৃতি মাখা** ম্যাসিডোনিয়া নাম বিতর্কে ইতি টানতে নাম বদল করল 'রিপাবলিক অব ম্যাসিডোনিয়া'। আলেকজান্ডারের ম্যাসিডোনিয়া রয়েছে গ্রিসে। আবার ১৯৯১ সালে সাবেক যুগোস্লাভিয়া থেকে বিচ্ছিন্ন হয়ে গ্রিসের যে প্রতিবেশী দেশটির জন্ম হয়েছিল তারও নাম রাখা হয় 'রিপাবলিক অব ম্যাসিডোনিয়া'। ইতিহাস প্রসিদ্ধ ভূখণ্ডের কৌলীন্য ছাড়তে রাজি ছিল না গ্রিস। গ্রিসের আপত্তিতেই ন্যাটো ও ইউরোপীয় ইউনিয়ন স্বীকৃতি দেয়নি 'নতুন' ম্যাসিডোনিয়াকে। আপাতত নাম পালটে ছোট এই দেশটি হল 'রিপাবলিক অব নর্দার্ন ম্যাসিডোনিয়া' বা 'সেভর্না ম্যাকেদোনিয়া'। তবে এই বদল চূড়ান্ত হওয়ার পথে এখনও কিছু জটিলতা রয়ে গেছে বলে দাবি করেছেন বিশেষজ্ঞরা।

**মার্কিন নিষেধাজ্ঞা সত্ত্বেও রাশিয়ার কাছ** থেকে পাঁচটি এস ৪০০ ক্ষেপণাস্ত্র প্রতিরোধ ব্যবস্থা এবং তার আনুষঙ্গিক যন্ত্র কেনার ব্যাপারে ভারত ইতিবাচক পদক্ষেপ করবে বলে জানা গেল। আগামী অক্টোবর মাসে ভারতে আসার কথা রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের । বিদেশ মন্ত্রক সূত্রে জানা গেছে তখনই ৪০০ কোটি ডলারের এই চুক্তি চূড়ান্ত হবে। তবে শেষ পর্যন্ত আমেরিকার আইন অগ্রাহ্য করে রাশিয়া থেকে ক্ষেপণাস্ত্র প্রতিরোধ ব্যবস্থা কেনার পর মার্কিন প্রশাসন কী পদক্ষেপ করবে তা অবশ্য এখনও স্পষ্ট নয়।

**১৪ জুন** কাশ্মীরে ভারতীয় সেনার কার্যকলাপের চূড়ান্ত সমালোচনা করল রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার শাখা। এ দিন তাদের রিপোর্টে বলা হয়েছে, ২০১৬ থেকে উপত্যকায় অত্যধিক পেশি প্রদর্শন করে অসংখ্য সাধারণ মানুষকে হত্যা করেছে নিরাপত্তা বাহিনী। নয়াদিল্লি অবশ্য এই ঘটনায় রাষ্ট্রপুঞ্জের নিন্দা করেছে। অন্যদিকে, পাকিস্তানের বিদেশ মন্ত্রক বলেছে, 'কাশ্মীরের মানুষের আকাঙ্ক্ষাকে ভারত যে সেনা দিয়ে দমন করে রেখেছে, ইসলামাবাদের এই দীর্ঘ দিনের দাবিতে আজ রাষ্ট্রপুঞ্জ সিলমোহর দিল।' ভারতের বিদেশ মন্ত্রক অবশ্য বলেছে, 'ভারত এই রিপোর্ট প্রত্যাখ্যান করছে। এটি উদ্দেশ্যপ্রণোদিত, প্রতারণাপূর্ণ। এর নেপথ্যে কী উদ্দেশ্য রয়েছে, আমরা জানতে চাই।' মন্ত্রকের অভিযোগ অসমর্থিত নানা তথ্য তুলে ধরা হয়েছে এই রিপোর্টে। কংগ্রেসের আহমেদ পটেলও বলেছেন, 'উদ্দেশ্যপ্রণোদিত রিপোর্ট। জম্মু-কাশ্মীরে অন্য কারও হস্তক্ষেপ মানা হবে না।'

**কাশ্মীরের নামী সাংবাদিক শুজাত বুখারি** শ্রীনগরের লালচক এলাকায় নিজের অফিসের সামনেই খুন হয়ে গেলেন। এক দশক ধরে 'রাইজিং কাশ্মীরের' সম্পাদক থাকা বুখারি বরাবর শান্তি প্রক্রিয়ার পক্ষে কথা বলেছেন। পুলিশ পাক জঙ্গি গোষ্ঠী লস্কর ই তইবা-কে এই হত্যার জন্য দায়ী করলেও কোনও জঙ্গি গোষ্ঠী এই ঘটনার দায় নেয়নি।

পাক তালিবান নেতা ফজলুল্লা ওরফে 'রেডিয়ো মোল্লা' ড্রোন হানায় নিহত হয়েছে বলে দাবি করল আফগানিস্তান। ২০১২ সালে এই তালিবান জঙ্গি নেতাই মালালা ইউসুফজাইকে গুলি করেছিল বলে অভিযোগ। মার্কিন সেনা পাকিস্তানের সীমান্ত লাগোয়া আফগানিস্তানের দাঙ্গাম জেলার নুর গুল কালে গ্রামে ড্রোন অভিযান চালায়। তাতেই তেহরিক-ই-তালিবান পাকিস্তান এর প্রধান 'রেডিয়ো মোল্লা' নিহত হয়েছে বলে মনে করা হচ্ছে। মালালাকে গুলি করার পরের বছর জঙ্গি দলের প্রধান হয় সে। ২০১৪ সালে পেশোয়ারে সেনা স্কুলে হামলা-সহ বহু কুকীর্তির অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে।

**টেস্ট খেলার ছাড়পত্র পাওয়ার পর** ভারতের সঙ্গে প্রথম টেস্ট খেলে পরাজিত হল আফগানিস্তান। বেঙ্গালুরুর চিন্নাস্বামী স্টেডিয়ামে দু'দিনের মধ্যে আফগানদের দু'বার অলআউট করে তাদের ইনিংস ও ২৬২ রানে হারাল ভারত। ভারতের অজিঙ্ক রাহানে এই টেস্টে অধিনায়কত্ব করেন। খেলেননি বিরাট কোহলি। ভারত প্রথম ইনিংসে ব্যাট করতে নেমে ৪৭৪ রান করে। মুরলী বিজয় ও শিখর ধাওয়ান শতরানের ইনিংস খেলেন। আফগানিস্তানের দুই ইনিংস ১০৯ ও ১০৩ রানে শেষ হয়। ভারত এই প্রথম কোনও টেস্ট দু'দিনে জিতল। যদিও টেস্ট ক্রিকেটের ১৪১ বছরের ইতিহাসে দু'দিনে টেস্ট জেতার ঘটনা এই নিয়ে ২১ বার ঘটল। তবে এক দিনে ২০ উইকেট তুলে নেওয়ার নজির ভারতেরই প্রথম।

**বিশ্বের অন্যতম বৃহৎ গাড়ি সংস্থা** জেনারেল মোটরসের (জিএম) আর্থিক পরিচালনার (সিএফও) দায়িত্ব পেলেন ভারতীয় বংশোদ্ভূত দিব্যা সূর্যদেবরা। গাড়ি শিল্পে তৈরি হল এক নতুন নজির। যেখানে সংস্থার সিইও (মেরি বাররা) ও সিএফও এই দুই পদেই থাকবেন মহিলা। এই মুহূর্তে বিশ্বের বেশ কিছু বহুজাতিক সংস্থার শীর্ষ পদে রয়েছেন মহিলারা। যেমন পেপসিকোর সিইও ইন্দ্রা নুয়ি, লকহিড মার্টিনের সিইও মেরিলিন হিউসন, ফেসবুক এর সিওও শেরিল স্যানবার্গ, আইবিএমের সিইও জিন্নি রোমেটি প্রমুখ।

**১৫ জুন** রাজীব গান্ধীর হত্যায় সাজাপ্রাপ্ত সাত বন্দির মুক্তির প্রস্তাব খারিজ করে দিলেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। তামিলনাড়ু সরকার মানবিকতার বিষয়টিকে সামনে রেখে ওই বন্দিদের মুক্তির জন্য রাষ্ট্রপতির কাছে আবেদন জানিয়েছিল। তার প্রেক্ষিতেই রাষ্ট্রপতি জানিয়েছেন কেন্দ্র রাজ্যের সঙ্গে একমত নয়।



“বিশ্বকাপ আর্জেন্তিনা ও আমার কাছে একটা বিশেষ প্রাপ্তি। বিশ্বকাপ হাতে তুলছি এই স্বপ্ন এখনও দেখি। দেশকে বিশ্বকাপ দিতে না-পারা পর্যন্ত অবসর নিতে চাই না।”

লিয়োনেল মেসি, *আর্জেন্তিনার ফুটবল অধিনায়ক*

*২৪ জুন নিজের ৩১তম জন্মদিনে, বিশ্বকাপ না পাওয়া পর্যন্ত হাল ছাড়ছেন না জানিয়ে*

## সাংহাইতে সৌহার্দ্য দেখাল ভারত-পাক



১০ জুন: সাংহাই সহযোগিতা সংগঠন বা এসসিও-র সম্মেলনে পাক প্রেসিডেন্ট মামনুন হুসেনের মুখোমুখি হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সৌজন্য সূচক কয়েকটি কথার সঙ্গে সঙ্গে করমর্দনও করলেন দুই রাষ্ট্রপ্রধান। এর পরই সন্ত্রাসবাদ মোকাবিলা প্রশ্নে একটি গুরুত্বপূর্ণ ঘোষণাপত্রে স্বাক্ষর করল ভারত ও পাকিস্তান। ভারতের বিদেশ মন্ত্রকের মতে বিষয়টি নয়াদিল্লির জন্য যথেষ্ট গুরুত্বপূর্ণ। প্রধানত চিনের উদ্যোগেই ভারতের মতো পাকিস্তানকেও এসসিও-তে সংযুক্ত করা হয়েছে। এ দিনের ঘোষণাপত্রের অন্যতম স্বাক্ষরকারী তারাও। চিনা প্রেসিডেন্ট শি চিনফিং বলেছেন, 'গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক এবং আঞ্চলিক বিষয়গুলি নিয়ে এসসিও-র বৈঠকে গভীর আলোচনা হয়েছে। মত বিনিময় হয়েছে। সমস্ত সদস্য দেশই সন্ত্রাসবাদ, চরমপন্থা, এবং মাদক চোরাকারবারের বিরুদ্ধে একজোট হয়ে কাজ করার কথা বলেছে।'

## সিঙ্গাপুরে ঐতিহাসিক বৈঠকে কিম-ট্রাম্প



১২ জুন: সিঙ্গাপুরের ক্যাপিলা হোটেলে ঐতিহাসিক বৈঠকে মিলিত হলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও উত্তর কোরিয়ার শাসক কিম জং উন। বহু প্রতীক্ষিত বৈঠকের পর জানা গেল, পরমাণু অস্ত্র ছাড়তে রাজি হয়েছে উত্তর কোরিয়া। বিনিময়ে তাদের নিরাপত্তা দেবে আমেরিকা। অস্ত্র ছাড়ার কাজ চলবে ধাপে ধাপে। কোরীয় উপদ্বীপেও স্থিতিশীলতা ফেরাতে দুই রাষ্ট্রনেতা অঙ্গীকারবদ্ধ হয়েছেন। দুই নেতাই অতীত ভুলে এগিয়ে যাওয়ার কথা বলেছেন। ট্রাম্প জানিয়েছেন, আগামী দিনে এ রকম বৈঠক আবারও হবে। শীঘ্রই হোয়াইট হাউসেও হতে পারে বৈঠক, এমনই আভাসও দিয়েছেন তিনি। কিম বলেন, 'গোটা দুনিয়ার কাছে এই মুহূর্তটা নিঘাত কল্পবিজ্ঞানের মতো। কিন্তু এটাই বাস্তব।' দু'পক্ষের মধ্যে বৈঠকে শান্তি ও সমৃদ্ধি, নতুন সম্পর্ক স্থাপনের অঙ্গীকার করা হয়েছে। কোরীয় উপদ্বীপে শান্তিরক্ষায় একজোট হয়ে কাজ করার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। উত্তর কোরিয়া পারমাণবিক অস্ত্র ছাড়ার প্রতিশ্রুতি দিয়েছে। বিনিময়ে আমেরিকা নিরাপত্তা সুনিশ্চিত করবে। এ দিন ট্রাম্প-কিমের বৈঠকের ভূয়সী প্রশংসা করেছে দক্ষিণ কোরিয়া। দুই রাষ্ট্রনেতাকে অভিনন্দন জানিয়েছেন ভারত, ইউরোপীয় ইউনিয়নের শীর্ষস্থানীয় নেতারা। বেজিং একধাপ এগিয়ে দাবি করেছে, উত্তর কোরিয়ার ওপর রাষ্ট্রপুঞ্জের চাপানো নিষেধাজ্ঞাও এ বার উঠে যাওয়া উচিত। ছবি: পি টি আই

## শুরু হল বিশ্বকাপ ফুটবল ২০১৮



১৪ জুন: ২১তম বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতা শুরু হল রাশিয়ায়। বর্ণময় উদ্বোধনী অনুষ্ঠানের মধ্যে দিয়ে বিশ্বকাপ প্রতিযোগিতার সূচনা হল মস্কোর লুঝনিকি স্টেডিয়ামে। উদ্বোধনী অনুষ্ঠানে তুলে ধরা হয় রাশিয়ার ঐতিহ্য ও সংস্কৃতিকে। রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন বললেন,'১৮৮৭ সাল থেকেই রাশিয়ায় ভালোবাসার আর এক নাম ফুটবল। আশা করছি, অংশগ্রহণকারী দেশের ফুটবলার ও সমর্থকেরা বিশ্বকাপ দুর্দান্ত ভাবেই উপভোগ করবেন। ফুটবল আমাদের এক সূত্রে বেঁধেছে। এ দিনের প্রথম খেলা ছিল আয়োজক রাশিয়া ও সৌদি আরবের মধ্যে। রাশিয়া ৫-০ গোলে সৌদিকে পরাজিত করে।

## সিমোনা হালেপের ফরাসি ওপেন জয়



৯ জুন: ফ্রান্সের রলাঁ গারোসে ফরাসি ওপেনে মেয়েদের সিঙ্গলস খেতাব জিতলেন রোমানিয়ার সিমোনা হালেপ। যিনি এর আগে তিনবার গ্র্যান্ড স্ল্যাম ফাইনালে উঠেও কখনও জিততে পারেননি। এ দিন চতুর্থ বারের চেষ্টায় সফল হলেন তিনি। বিশ্বের এক নম্বর মহিলা টেনিস তারকা হালেপ ৩-৬, ৬-৪, ৬-১ -এ হারালেন বিশ্বের দশ নম্বর খেলোয়াড় স্লোয়ান স্টিফেন্সকে। বিশ্ব র‍্যাঙ্কিংয়ে এক নম্বরে থাকলেও এতদিন গ্র্যান্ড স্লামের খেতাব তাঁর ছিল না। জেতার পর হালেপ বলেন, 'টেনিস জীবনের শুরু থেকেই এই মুহূর্তটার স্বপ্ন দেখতাম।'

## ফরাসি ওপেনে সিঙ্গলস খেতাব জিতলেন নাদাল



১০ জুন: ফরাসি ওপেনে পুরুষদের সিঙ্গলস খেতাব জিতলেন রাফায়েল নাদাল। দোমিনিক থিমকে হারিয়ে এই নিয়ে ১১ বার ফরাসি ওপেন সিঙ্গলস খেতাব জিতলেন তিনি। ৩২ বছরের স্প্যানিশ তারকার এটি ১৭তম গ্র্যান্ড স্লাম জয়। রজার ফেডেরারের (২০) পরে দ্বিতীয় সর্বোচ্চ গ্র্যান্ড স্লাম জয়ের রেকর্ড আরও মজবুত করলেন ক্লে কোর্টের কিংবদন্তি। এ দিনের জয়ের পরে নাদাল মার্গারেট কোর্টের পরে দ্বিতীয় খেলোয়াড় হিসেবে কোনও একটি গ্র্যান্ড স্লাম ১১ বার জেতার রেকর্ড করলেন। মার্গারেট অস্ট্রেলীয় ওপেনে ১১ বার সিঙ্গলস খেতাব জিতেছেন।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## সততা, পরিশ্রম আর একাগ্রতার বিকল্প নেই



সুদীপ চক্রবর্তী
জেনারেল ম্যানেজার-সেলস,
সেঞ্চুরি প্লাইবোর্ডস
ইন্ডিয়া লিমিটেড



আমার প্রথম চাকরি একটি মার্কেটিং এজেন্সিতে। দিনের বেলা ছাত্র পড়াই, সন্ধেয় কলেজে পড়ি তখন। নিজের পায়ে দাঁড়ানোর তাগিদটা ছিল। প্রথম চাকরিতে আমার প্রথম দিনের কাজ ছিল, একটি সিগারেট সংস্থার লোগো দেওয়া টুপি ও টি-শার্ট পরে একটি দোকানের সামনে সারাদিন দাঁড়িয়ে সিগারেট বিক্রি করা। আশেপাশের অনেকগুলো দোকানেই কাজ চলছিল। দিনের শেষে দেখা গেল, সবচেয়ে বেশি বিক্রি আমিই করেছি। কাজটা করতে খুব একটা ভালোলাগেনি ঠিকই। কিন্তু কাজ যেমনই হোক, একবার যখন তার মধ্যে ঢুকে পড়েছি, চেষ্টা করতেই হবে, এই মনোভাবটা কাজে লাগিয়েছিলাম। তাছাড়া আমি বরাবরই মানুষের সঙ্গে মিশতে, কথা বলতে ভালোবাসি। মার্কেটিংয়ের ক্ষেত্রে এটা খুব কাজে লাগে। যারা চাকরি খুঁজছ, তাদেরকে আমার একটাই পরামর্শ, বসে থেকো না। যে-চাকরিই হাতের কাছে আসুক, তা তোমার সম্পূর্ণ মনোমতো না হলেও নিয়ে নাও। এতে তোমারই অভিজ্ঞতার ভাণ্ডার ভরে উঠবে।

### ইন্টারভিউয়ের রাশ তোমারই হাতে

ইন্টারভিউ একটা ফুটবল ম্যাচের মতো। ফুটবল ম্যাচে যেমন যাদের কাছে বল বেশিক্ষণ থাকে আধিপত্য তাদের, ইন্টারভিউয়েও তাই। এখানেও চাইলে প্রশ্নোত্তরের নিয়ন্ত্রণটা তোমার নিজের হাতে রাখতে পারো। কারণ ইন্টারভিউয়ে তুমি কী উত্তর দিচ্ছ, তার ওপরই নির্ভর করে ইন্টারভিউয়ার পরের প্রশ্নটি করবেন। তুমি যদি যথেষ্ট বুদ্ধিমান হও তাহলে পরের প্রশ্ন নিজেই তৈরি করে নেবে, যার উত্তরও তোমার জানা থাকবে।

তবে, ইন্টারভিউয়ে সবচেয়ে গুরুত্বপূর্ণ হল 'অ্যাটিটিউড' বা মনোভাব। ব্যক্তি হিসেবে তুমি কীরকম তার ওপরই তোমার মনোভাব এবং আচরণ নির্ভর করে। যেসব প্রার্থীর কাজের কোনও পূর্ব-অভিজ্ঞতা নেই, তাদের ক্ষেত্রে ইন্টারভিউয়ে অ্যাটিটিউডটাই দেখা হয়। দেখা যায়, অভিজ্ঞতা না থাকলেও, কেবল ইতিবাচক মনোভাবের জন্যই প্রার্থী নির্বাচিত হয়ে গিয়েছে। প্রত্যেক সংস্থারই নিজস্ব পরিকাঠামো থাকে। প্রার্থীর ইতিবাচক মনোভাব থাকলে সেই অনুযায়ী তাকে গড়েপিটে নেওয়াটা সংস্থার পক্ষে কঠিন কিছু নয়। তাই নমনীয় রাখতে হবে নিজেকে।

> যেসব প্রার্থীর কাজের কোনও পূর্ব-অভিজ্ঞতা নেই, তাদের ক্ষেত্রে ইন্টারভিউয়ে অ্যাটিটিউডটাই দেখা হয়। দেখা যায়, অভিজ্ঞতা না থাকলেও, কেবল ইতিবাচক মনোভাবের জন্যই প্রার্থী নির্বাচিত হয়ে গিয়েছে।

### কীভাবে ইন্টারভিউয়ের প্রস্তুতি নেবে

প্রত্যেক মানুষের মধ্যেই কিছু দুর্বল জায়গা আর কিছু জোরের জায়গা থাকে। দুর্বলতাকে ঘষামাজা করতে গিয়ে যেন সময় ও শ্রমের অপচয় না হয়, সেদিকে খেয়াল রাখতে হবে। বরং নিজের জোর বা দক্ষতাকে আরও ধারালো করে তোলার চেষ্টা করো। দক্ষিণ আফ্রিকার ক্রিকেটার জন্টি রোডসকে গোটা বিশ্ব মনে রেখেছে তাঁর চমকপ্রদ ফিল্ডিং-দক্ষতার জন্য। গৌণ হয়ে গিয়েছে তিনি কত রান করেছেন সেই পরিসংখ্যান। ওই ক্রিকেটারও তাঁর ফিল্ডিংয়েই শান দিয়ে গিয়েছেন।

ইন্টারভিউয়ের জন্য বিষয়ভিত্তিক জ্ঞান নিশ্চয়ই ঝালিয়ে নেবে। এ বিষয়ে পৃথিবীর নানা প্রান্তে যেসব গবেষণামূলক কাজ হচ্ছে, সেই খবরও জানা থাকা চাই। নিয়মিত সংবাদপত্র, ইন্টারনেটে সাম্প্রতিকতম খবর পড়ার অভ্যাসটাও করতে হবে। এই সবই তোমার আত্মবিশ্বাস বাড়াবে, সেইসঙ্গে অ্যাটিটিউডেও বদল আনবে।

অনেকে মনে করেন ইংরেজি ভালো না জানলে মার্কেটিং বা যে-কোনও পেশাতেই কাজ করা খুব কঠিন। ইংরেজিটা অবশ্যই কাজ চালানোর মতো জানা উচিত। ইংরেজি জানো না বলে ভয় পেও না বা হীনম্মন্যতাতেও ভুগো না। বাংলা ভাষা বরং বেশ কঠিন ভাষা, তুলনায় ইংরেজি অনেক সহজ। আবার ইংরেজি জানলেও মার্কেটিংয়ের কাজে যে খুব নিশ্চিন্তে থাকতে পারবে, এমনটাও সবক্ষেত্রে ঠিক নয়। আমারই অভিজ্ঞতার কথা বলি। ফিলিপস লাইটিংয়ে চাকরি নিয়ে দক্ষিণ ভারতে ছিলাম অনেকদিন। সেখানে ভাষাটাই কাজের সবচেয়ে বড় অন্তরায় হয়ে দাঁড়িয়েছিল। অনেক কষ্টে দক্ষিণী ভাষা শিখেছিলাম। তার মানে, ইচ্ছে থাকলে বাঙালি হয়ে তেলুগুও শেখা যায়। ইংরেজির ক্ষেত্রে তবু তো একটা বড় সুবিধা, বিষয়টা আমরা ছোটবেলা থেকেই পড়ি। একটু চেষ্টা থাকলে ইংরেজিতে কথোপকথন শেখাটা আদৌ কঠিন হবে না।

### জীবনে উত্থান-পতন থাকবেই

দীর্ঘদিন কর্মসূত্রে কলকাতার বাইরে থাকার পর নিজের শহরে ফিরে এসেছিলাম ভোডাফোন সংস্থায় চাকরি নিয়ে। সেখান থেকে ইউনিনর-এ যোগ দিই। সেই সংস্থা কিছুদিন পর বন্ধ হয়ে যায়। আমাকে বলা হয় সংস্থার অন্য রাজ্যের অফিসে যোগ দিতে। কিন্তু আমি আর ঝুঁকি নিতে চাইনি। এক সঙ্গীর সঙ্গে ব্যবসা শুরু করলাম। সেটাও চলল না। সময়টা সত্যিই খুব খারাপ যাচ্ছিল। বাঁধাধরা মাইনে নেই, জমানো টাকা শেষের পথে। কিন্তু জানতাম ভেঙে পড়লে চলবে না। বিষাদ আর বিলাপে ব্যস্ত থাকলে কখন চোখের সামনে দিয়ে ভালো সুযোগ চলে যাবে, হয়ত নজরও পড়বে না। চাকরির খোঁজ পুরোদমে চলছিল। অবশেষে ডাক পেলাম বর্তমান সংস্থায়। সততা, পরিশ্রম, আন্তরিকতা, একাগ্রতা শব্দগুলো খুব চেনা ও বহুব্যবহৃত হলেও, এর চিরকালীন গুরুত্ব অস্বীকার করা যায় না। আমি নিজের অভিজ্ঞতায় এর প্রমাণ পেয়েছি বারবার।

## কী পড়বেন, কোথায় পড়বেন

### মাল্টিমিডিয়া অ্যান্ড অ্যানিমেশনের ডিপ্লোমা কোর্সে ভর্তি




মাল্টিমিডিয়া অ্যান্ড অ্যানিমেশনের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে সেন্ট জেভিয়ার্স কলেজ। প্রশিক্ষণ দেবে কলেজের কম্পিউটার সেন্টার অ্যান্ড সেন্ট্রাল কম্পিউটিং ফেসিলিটিজ বিভাগ। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে ৩০ জুলাই।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। ড্রয়িং ও স্কেচিংয়ে দক্ষতা থাকতে হবে।

ক্লাস হবে সপ্তাহে তিন দিন করে, বিকেল ৫টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত (শনিবারের ক্ষেত্রে বিকেল ৩টে থেকে ৫টা)। কোর্স ফি: ৩৫,০০০ টাকা। দু'টি কিস্তিতে (২০,০০০ টাকা ও ১৫,০০০ টাকা) ফি দেওয়ার সুবিধা রয়েছে।

প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১৮ জুলাই (বুধবার), বিকেল ৫টা থেকে সন্ধ্যা ৬টা। সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর দক্ষতা যাচাই করা হবে। সফলদের তালিকা প্রকাশিত হবে ২০ জুলাই।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sxccal.edu প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৬ জুলাই। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। অনলাইন পদ্ধতিতে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর অ্যাকনলেজমেন্ট কার্ড এবং সাবমিট করা আবেদনপত্রের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। ই-রিসিপ্ট ও অ্যাকনলেজমেন্ট কার্ড পরীক্ষার সময় সঙ্গে নিয়ে যাবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলির যে-কোনও একটিতে: (০৩৩) ২২৮৭ ৬০৩৫/২২৫৫ ১২২৭।

### ডেন্টাল মেকানিক ও ডেন্টাল হাইজিনিস্টের ডিপ্লোমা কোর্স

ডেন্টাল মেকানিক অ্যান্ড ডেন্টাল হাইজিনিস্টের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ডক্টর আর আহমেদ ডেন্টাল কলেজ অ্যান্ড হসপিটাল। এটি ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অব হেল্‌থ সায়েন্সেস কর্তৃক স্বীকৃত এবং ডেন্টাল কাউন্সিল অব ইন্ডিয়া কর্তৃক অনুমোদিত একটি সংস্থা। কোর্সের মেয়াদ ২ বছর।

শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। বয়স: অন্তত ১৭ বছরের মধ্যে হতে হবে। প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। নগদ ২০০ টাকার বিনিময়ে আবেদনপত্র ও ইনফর্মেশন ব্রোশিওর সংগ্রহ করতে হবে প্রতিষ্ঠানের প্রিন্সিপালের অফিস থেকে। প্রতিষ্ঠানের ঠিকানা: 114, Acharya Jagadish Chandra Bose Road, Sealdah, Kolkata, West Bengal 700014. আবেদনের ফর্ম সংগ্রহের সময় উচ্চমাধ্যমিকের সার্টিফিকেট দেখাতে হবে।

আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২ জুলাই। খুঁটিনাটি তথ্যের জন্য যোগাযোগ করুন উপরোক্ত ঠিকানায়।

কাজের খবরে
১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক
পঠিত কর্মপত্রিকা
সপ্তাহে দু'দিন:
শুক্রবার - কর্মক্ষেত্র
সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ
Source: Average Issue Readership IRS 2017

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-সি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

72.



(a) 18 (b) 20 (c) 24 (d) 26

73. অমিল কোনটি? পঞ্চলিঙ্গেশ্বর, দেবকুণ্ড, ক্ষীরচোরা গোপীনাথ, সিমাচলম

(a) পঞ্চলিঙ্গেশ্বর (b) দেবকুণ্ড (c) ক্ষীরচোরা গোপীনাথ (d) সিমাচলম

74. ELEPHANT = 53542689 হলে HEN = ?

(a) 258 (b) 354 (c) 426 (d) 689

75. কোনটি অমিল?

(a) পারাদ্বীপ (b) ভুবনেশ্বর (c) পুরী (d) বিজয়ওয়াড়া

76. একজন কৃষক তার একটি ট্রাক্টর দিয়ে 10 বিঘা জমি 2 দিনে চাষ করতে পারেন। তার জমির পরিমাণ যদি 40 বিঘা হয়, তবে জমি চাষ করতে তার কতদিন সময় লাগবে?

(a) 8 (b) 10 (c) 20 (d) 40

77. 5 জন মৃৎশিল্পী এক সপ্তাহে 15টি মাটির পুতুল তৈরি করতে পারেন। 25 জন মৃৎশিল্পী এক সপ্তাহে কতগুলি মাটির পুতুল তৈরি করতে পারবে?

(a) 50টি (b) 75টি (c) 100টি (d) 125টি

78. আমি বাসে 12000 মিটার পথ 30 মিনিটে গেলাম। বাসের গতিবেগ হবে:

(a) 400 মিটার/মিনিট (b) 300 মিটার/মিনিট (c) 500 মিটার/মিনিট (d) 600 মিটার/মিনিট

79. 5 কিমি/ঘণ্টা গতিবেগে কোনও স্থানে গিয়ে 4 কিমি/ঘণ্টা গতিবেগে ফিরে এলে সমগ্র যাত্রাপথের গড় গতিবেগ কত?

(a) 40 কিমি/ঘণ্টা (b) $\frac{40}{9}$ কিমি/ঘণ্টা (c) $\frac{39}{9}$ কিমি/ঘণ্টা (d) কোনওটিই নয়

80. $0.\dot{2} + 0.\dot{3} + 0.\dot{4} + 0.\dot{5} + 0.\dot{6} = ?$

(a) $1.\dot{5}$ (b) $1.0\dot{5}$ (c) $1.00\dot{5}$ (d) $1.000\dot{5}$

81. বাবা ও চার সন্তানের বয়সের গড় 14 বছর এবং মা ও চার সন্তানের বয়সের গড় 12 বছর। মায়ের বয়স 35 হলে বাবার বয়স কত?

(a) 45 বছর (b) 50 বছর (c) 48 বছর (d) 52 বছর

82. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 653, 869 এবং 1229-কে ভাগ করলে সর্বক্ষেত্রে সমান অবশিষ্ট থাকবে?

(a) 36 (b) 54 (c) 72 (d) 108

83. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 261, 933 এবং 1381 কে ভাগ করলে সর্বক্ষেত্রে 5 অবশিষ্ট থাকবে?

(a) 31 (b) 52 (c) 32 (d) 42

84. A : B = 2 : 3, B : C = 4 : 5, 5A : 3C = ?

(a) 8 : 9 (b) 5 : 8 (c) 7 : 7 (d) কোনওটিই নয়

85. A-এর $87\frac{1}{2}$ % = B এর $41\frac{2}{3}$ % হলে, A : B = ?

(a) 2 : 3 (b) 6 : 5 (c) 10 : 7 (d) 10 : 21

86. 2, 3, 5, 7 দ্বারা গঠিত চার অঙ্কের সংখ্যাগুলির যোগফল কত?

(a) 113322 (b) 316855 (c) 753200 (d) কোনওটিই নয়

87. দু'টি সংখ্যার যোগফল ও বিয়োগফল যথাক্রমে 38 ও 4 হলে, সংখ্যাদু'টির গুণফল কত?

(a) 537 (b) 375 (c) 357 (d) 753

88. 512-কে কোন ক্ষুদ্রতম সংখ্যা দিয়ে গুণ করলে গুণফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?

(a) 2 (b) 8 (c) 1 (d) 4

89. 0.000256-এর বর্গমূলের সঙ্গে ক্ষুদ্রতম কোন ভগ্নাংশ যোগ করলে যোগফল একটি পূর্ণসংখ্যা হবে?

(a) 0.000744 (b) 0.016 (c) 0.000256 (d) 0.984

90. $(-5)(4)(2)\left(-\frac{1}{2}\right)\left(\frac{3}{4}\right) = ?$

(a) – 30 (b) – 15 (c) 15 (d) 30

91. $18 - [5 - \{6 + 2(7 - \overline{8 - 5})\}] = ?$

(a) 13 (b) 15 (c) 27 (d) 32

92. 0.75 × 0.75 + 0.25 × 0.75 × 2 + 0.25 + 0.25-এর মান কত?

(a) 1 (b) 2 (c) $\frac{1}{2}$ (d) $\frac{1}{4}$

93. 2.66 × 2.66 + 0.66 × 0.66 – 0.66 × 5.32-এর মান কত?

(a) 9 (b) 4 (c) 16 (d) 1

94. $\frac{2}{3}, \frac{3}{4}, \frac{4}{5}, \frac{5}{6}$ ভগ্নাংশগুলির মধ্যে বৃহত্তম ও ক্ষুদ্রতম ভগ্নাংশের পার্থক্য কত?

(a) $\frac{1}{12}$ (b) $\frac{1}{25}$ (c) $\frac{1}{6}$ (d) $\frac{1}{20}$

95. 17টি সংখ্যার গড় 45, সংখ্যাগুলির মধ্যে প্রথম 9টি সংখ্যার গড় 51 এবং শেষ 9টি সংখ্যার গড় 36 হলে নবম সংখ্যাটি কত?

(a) 14 (b) 18 (c) 20 (d) 22

96. একজন ব্যাটসম্যান দশম ইনিংসে 100 রান করায় তার গড় রান পূর্বের ন'টি ইনিংস অপেক্ষা 8 রান বৃদ্ধি পায়। 10ম ইনিংসের পর গড় রান কত?

(a) 20 (b) 24 (c) 28 (d) 36

97. 504 জন ছাত্রছাত্রীর মধ্যে একটি বিদ্যালয়ে ছাত্র ও ছাত্রীর সংখ্যার অনুপাত 13 : 11 বিদ্যালয় থেকে 12 জন ছাত্রী চলে গেলে ওই অনুপাত কত হবে?

(a) 91 : 73 (b) 91 : 81 (c) 73 : 91 (d) 81 : 91

98. একজন ব্যক্তি মোট 12755 টাকা সঞ্চয় থেকে একটি বিদ্যালয়কে 2000 টাকা দান করেন এবং বাকি টাকা স্ত্রী, পুত্র ও কন্যাকে 6 : 5 : 4 অনুপাতে ভাগ করে দেন। স্ত্রী কত টাকা পান?

(a) 4302 টাকা (b) 3585 টাকা (c) 2868 টাকা (d) কোনওটিই নয়

99. একটি সংখ্যাকে প্রথমে 20% বাড়িয়ে পরে আবার 20% বাড়ালে সংখ্যাটি মোটের ওপর কত শতাংশ বাড়বে?

(a) 40% (b) 36% (c) 42% (d) 44%

100. A-এর বেতন B-এর বেতনের থেকে 20% কম। B-এর বেতন A-এর বেতনের চেয়ে শতকরা কত বেশি?

(a) 25% (b) 15% (c) 20% (d) $33\frac{1}{3}$ %.

### উত্তর

72(a), 73(d), 74(a), 75(d), 76(a), 77(b), 78(a), 79(b), 80(a), 81(a), 82(c), 83(c), 84(a), 85(d), 86(a), 87(c), 88(a), 89(d), 90(c), 91(c), 92(a), 93(b), 94(c), 95(b), 96(c), 97(a), 98(a), 99(d), 100(a).

### সমাধান

51(c):




A, F-এর মাঝে D আছে।

52(c): কারণ STAINLESS-এর মধ্যে P শব্দটি নেই।

53(b): $2 \xrightarrow{+4} 6 \xrightarrow{+5} 11 \xrightarrow{+6} 17 \xrightarrow{+7} \boxed{24} \xrightarrow{+8} 32.$

54(d): $212 \xrightarrow{-33} 179 \xrightarrow{-33} 143 \xrightarrow{-33} 113 \xrightarrow{-33} 80.$

55(c): তিমি, মাছ, কুমির এরা প্রত্যেকেই আলাদা প্রজাতির।

56(c): N + 2Q + 1S + 2V + 1x + 2A.

57(b): 3 × 2 = 6, 4 × 2 = 8, 6 × 2 = 12, 8 × 2 = 16.

58(d): $1^3 - 2 = -1$, $2^3 - 2 = 6$, $3^3 - 2 = 25$, $4^3 - 2 = 62$, $5^3 - 2 = 123$, $6^3 - 2 = 216 - 2 = 214$.

59(b): Tractor-এর গাড়ি Trailer এবং Horse-এর গাড়ি Cart.

60(a): Push = ঠেলা এবং Pull = টানা (বিপরীত শব্দ), অনুরূপে Throw = ছোড়া, Pick = তোলা।

61(d): মথুরা, বারাণসী, কানপুর, উত্তরপ্রদেশ এবং হরিদ্বার উত্তরাখণ্ডে অবস্থিত।

62(b): বাকিগুলি চারটি লেটার নিয়ে গঠিত।

63(b): চাঁদ পৃথিবীর উপগ্রহ, বাকিসবগুলি গ্রহ।

64(b): গাজর সবজি, বাকিগুলি সব ফল।

65(b): PAGE = P = 16, A = 1, G = 7, E = 5 = 29.

66(b): Letter গুলি একটার পর একটা বসেছে।

67(d): 7 × 4 = 28 টাকার আপেল এবং 5 × 2 = 10 টাকার আম।

68(b): <u>6 4</u> 1 2 2 8 7 4 2 1 <u>5 3</u> <u>8 6</u> 2 2 7 1 4 1 <u>3 5</u> <u>8 6</u>

70(d): 12 × 9 = 108 একে লেখা হয়েছে 810, 15 × 9 = 135 একে লেখা হয়েছে 531 তবে 13 × 8 =104 একে লেখা হবে 410

71(b): 8 × 3 + 2 = 26, 7 × 4 + 2 = 30, 5 × 3 + 2 = 17.

72(a): (2 + 3) × 2 = 10, (5 + 2) × 2 = 14, (6 + 3) × 2 = 18.

73(d): সিমাচলম = অন্ধ্রপ্রদেশ, বাকিগুলি ওড়িশার।

74(a): ELEPHANT = 53542689 হলে, H = 2, E = 5, N = 8.

75(d): বিজয়ওয়াড়া অন্ধ্রপ্রদেশের বাকিগুলি ওড়িশার।

76(a): 10 বিঘা জমি 2 দিনে চাষ করবে

1 বিঘা জমি $\frac{2}{10}$ দিনে চাষ করবে

40 বিঘা জমি $\frac{2 \times 40}{10}$ দিনে চাষ করে = 8 দিনে।

77(b): 5 জন মৃৎশিল্পী সপ্তাহে পুতুল তৈরি করে 15টি

1 জন মৃৎশিল্পী সপ্তাহে পুতুল তৈরি করে $\frac{15}{5}$ টি

25 জন মৃৎশিল্পী সপ্তাহে পুতুল তৈরি করে $\frac{15 \times 25}{5}$ টি = 75টি।

78(a): গতিবেগ = অতিক্রান্ত দূরত্ব ÷ প্রয়োজনীয় সময় = 12000 ÷ 30 = 400 মিটার/মিনিট।

79(b): গতিবেগ = $\frac{2 \times 5 \times 4}{5 + 4} = \frac{40}{9}$ কিমি/ঘণ্টা।

80(a): $0.\dot{2} + 0.\dot{3} + 0.\dot{4} + 0.\dot{5} + 0.\dot{6} = 0.\dot{2}\dot{2} + 0.\dot{3}\dot{3} + 0.\dot{4}\dot{4} + 0.\dot{5}\dot{5}$

$= \frac{22}{99} + \frac{33}{99} + \frac{44}{99} + \frac{55}{99} = \frac{154}{99} = 1\frac{55}{99} = 1\frac{5}{9} = 1.\dot{5}.$

এরপর বারোর পাতায়

## রাজ্য পুলিশে

# ৫৭০২ কনস্টেবল

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. কোন ধাতু নিষ্কাশনে সায়ানাইড পদ্ধতি ব্যবহৃত হয়?

(a) দস্তা (b) লোহা (c) রুপো (d) তামা

2. একটি সেকেন্ড দোলককে চাঁদে নিয়ে গেলে তা:

(a) ঠিক সময় দেবে (b) দুলবে না (c) ফাস্ট হবে (d) স্লো হবে

3. নীচের যৌগগুলির মধ্যে কোনটি আয়োডোফর্ম বিক্রিয়ায় সাড়া দেয় না?

(a) 2-বিউটানল (b) 1-প্রোপানল (c) ইথানল (d) 2-প্রোপানল

4. নীচের অ্যাসিডগুলির মধ্যে কোনটি আঙুরে পাওয়া যায়?

(a) কার্বোক্সিলিক অ্যাসিড (b) সাইট্রিক অ্যাসিড (c) অ্যাসেটিক অ্যাসিড (d) নাইট্রাস অ্যাসিড

5. সালোকসংশ্লেষ সর্বাপেক্ষা সক্রিয়:

(a) সবুজ আলোকে (b) নীল আলোকে (c) লাল আলোকে (d) সাদা আলোকে

6. বনস্পতি শিল্পোৎপাদনে কোন প্রভাবক ব্যবহৃত হয়?

(a) নিকেল (b) প্যালাডিয়াম (c) প্লাটিনাম (d) কোবাল্ট

7. পজিট্রনের ভরের সমান:

(a) ইলেকট্রনের ভর (b) প্রোটনের ভর (c) নিউট্রনের ভর (d) ফোটনের ভর

8. নীচের কোনটি থার্মোপ্লাস্টিক নয়?

(a) পলিয়েস্টার (b) পলিথিন (c) পশম (d) নাইলন

9. অর্ধপ্রবেশ্য ঝিল্লির ভিতর দিয়ে প্রবাহিত হতে পারে:

(a) দ্রাবক (b) দ্রাব (c) a এবং b উভয়ই (d) কোনওটিই নয়

10. আগাখান কাপ কোন খেলার সঙ্গে যুক্ত?

(a) ব্যাডমিন্টন (b) দাবা (c) টেবিল টেনিস (d) হকি

11. ন্যাপথলিন-এর উৎস কী?

(a) কোলটার (b) ডিজেল (c) চারকোল (d) কাম্পফোর

12. ইন্টারপোলের সদর দপ্তর কোথায়?

(a) ফ্রান্স (b) বেলজিয়াম (c) ম্যানিলা (d) ব্রাসেলস

13. 'গোল্ডেন গার্ল' বইটির রচয়িতা কে?

(a) পি ভি সিন্ধু (b) সানিয়া মির্জা (c) পি টি উষা (d) মারিয়া শারাপোভা

14. ব্রাজিল কতবার বিশ্বকাপ জয় করেছে?

(a) চারবার (b) পাঁচবার (c) তিনবার (d) ছয়বার

15. জম্মু ও কাশ্মীরের কোন অভয়ারণ্য হাঙ্গুল হরিণের জন্য বিখ্যাত?

(a) দাচিগ্রাম (b) মানস (c) কানহা (d) পহেলগাঁও

16. ম্যাকমোহন লাইন কোন দু'টি দেশের সীমারেখা হিসেবে চিহ্নিত?

(a) ভারত ও মায়ানমার (b) ভারত ও পাকিস্তান (c) ভারত ও বাংলাদেশ (d) ভারত ও চিন

17. অক্সিজোম কোথায় থাকে?

(a) নিউক্লিয়াস (b) লাইসোজোম (c) মাইটোকন্ড্রিয়া (d) রাইবোজোম

18. ভারতীয় সংবিধানের নীচের কোন ধারায় সাহায্য অনুদানের ব্যবস্থা আছে?

(a) 247 ও 275 ধারা (b) 275 ও 296 ধারা (c) 275 ও 282 ধারা (d) 275 ও 285 ধারা

19. জাতীয় আয় পরিমাপ পদ্ধতি কে আবিষ্কার করেন?

(a) পিগু (b) সাইমন কুজনেট (c) ডেভিড রিকার্ডো (d) সি সি মহলানবিশ

20. সিকাম কীসের অংশ?

(a) ক্ষুদ্রান্ত্র (b) যকৃত (c) বৃহদন্ত্র (d) সবগুলোই

21. ক্রেতা সুরক্ষা আইন চালু হয়:

(a) 1989 সালে (b) 1988 সালে (c) 1987 সালে (d) 1986 সালে

22. নীচের কোন যৌগ একটি জৈব সার?

(a) $Ca(HPO_4)_2$ (b) $Na_2SO_4$ (c) $(NH_4)_2SO_4$ (d) কোনওটিই নয়

23. হ্যানয় কোন দেশের রাজধানী?

(a) স্পেন (b) পর্তুগাল (c) দক্ষিণ আফ্রিকা (d) ভিয়েতনাম

24. ফরম্যালডিহাইডের সঙ্গে কার বিক্রিয়ায় ব্যাকেলাইট তৈরি হয়?

(a) ফেনল (b) ন্যাপথলিন (c) ক্লোরোফর্ম (d) বেঞ্জিন

25. সিকান্দর শাহের রাজধানী কোথায় ছিল?

(a) পাণ্ডুয়া (b) ঢাকা (c) মুর্শিদাবাদ (d) গৌড়

26. জেনেটিক ইঞ্জিনিয়ারিং দ্বারা উৎপাদিত প্রথম মনুষ্য হরমোন কী?

(a) টেস্টোস্টেরন (b) থাইরক্সিন (c) ইনসুলিন (d) ইস্ট্রোজেন

27. কোন রাজ্যের বিধানসভা GST আইন প্রথম অনুমোদন করে?

(a) মহারাষ্ট্র (b) অসম (c) বিহার (d) পশ্চিমবঙ্গ

28. কোন রাজ্যে পঞ্চায়েত ব্যবস্থা নেই?

(a) ত্রিপুরা (b) নাগাল্যান্ড (c) সিকিম (d) অসম

29. ভারতীয় সংবিধানের কোন ধারায় পরিবেশ ও বন্যপ্রাণী সংরক্ষণের কথা বলা হয়েছে?

(a) 50 নম্বর (b) 48A নম্বর (c) 49 নম্বর (d) 48 নম্বর

30. হুইটলি কমিশন কোন বিষয়ক কমিশন?

(a) সিভিল সার্ভিস (b) জনস্বাস্থ্য (c) শ্রমিক (d) শিক্ষা

31. বালগঙ্গাধর তিলককে 'Father of Indian Unrest' বলে অভিহিত করেছেন:

(a) লর্ড চেমসফোর্ড (b) ভ্যালেন্টাইন চিরল (c) ডিসরেলি (d) লর্ড মিন্টো

32. পশ্চিমবঙ্গে অপারেশন বর্গা কবে হয়?

(a) 1989 সালে (b) 1970 সালে (c) 1978 সালে (d) 1979 সালে

33. 'Silent Spring' বইটি কার লেখা?

(a) জে কে রাউলিং (b) চার্লস ডিকেন্স (c) রাচেল কারসন (d) ডন ব্রাউন

34. কোন গ্যাসটি জলের ঊর্ধ্ব অপসারণ দ্বারা সংগ্রহ করা যায় না?

(a) $PH_3$ (b) $SO_2$ (c) $N_2$ (d) $O_2$

এরপর এগারোর পাতায়

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রাজ্য পুলিশে
# ৫৭০২ কনস্টেবল

দশের পাতার পর

35. রাস্তাঘাট তৈরিতে খনিজ তেলের কোন উপজাত দ্রব্যটি ব্যবহৃত হয়?
(a) ন্যাপথা (b) গ্রিজ (c) অ্যাসফল্ট (d) বুটাডিন

36. কুইক লাইম কী?
(a) $Ca(OH)_2$ (b) CaO (c) $Ca(CO_3)_2$ (d) কোনওটাই নয়

37. ক্রেবস চক্র সংঘটিত হয়:
(a) নিউক্লিয়াসে (b) রাইবোজোমে (c) মাইটোকনড্রিয়ায় (d) সাইটোপ্লাজমে

38. কোনও শব্দের কম্পাঙ্ক বাড়লে:
(a) তীক্ষ্ণতা বাড়ে (b) প্রাবল্য বাড়ে, তীক্ষ্ণতা কমে (c) প্রাবল্য বাড়ে (d) প্রাবল্য ও তীক্ষ্ণতা বাড়ে

39. ফলের রস সংরক্ষণ করার জন্য কোন রাসায়নিক ব্যবহার করা হয়?
(a) সোডিয়াম হাইড্রক্সাইড (b) সোডিয়াম বেঞ্জোয়েট (c) পটাশিয়াম নাইট্রেট (d) অ্যালুমিনিয়াম সালফেট

40. সমুদ্রকে নীল দেখানোর কারণ হল, আপতিত সূর্যরশ্মির:
(a) শোষণ (b) বিক্ষেপণ (c) প্রতিফলন (d) প্রতিসরণ

41. পঞ্চসাগরের বন্দর কোনটিকে বলা হয়?
(a) ওডেসা (b) ভেনিস (c) মস্কো (d) ট্রিয়েস্ট

42. 'বীরবল' কোন লেখকের ছদ্মনাম?
(a) নলিনীকান্ত সরকার (b) শিবরাম চক্রবর্তী (c) প্রমথ চৌধুরি (d) কেদারনাথ ব্যানার্জি

43. 2017 সালে ম্যানবুকার পুরস্কার জিতেছেন:
(a) জন বেউ (b) পল বেট্টি (c) ডেভিড গ্রসম্যান (d) সভেৎলানা আলেক্সিভিচ

44. 2020 সালে টোকিও অলিম্পিকে ক'টি নতুন ইভেন্ট যোগ করা হয়েছে?
(a) 14 (b) 10 (c) 15 (d) 17

45. পঞ্চম বিশ্ব সাইবার স্পেস সম্মেলনের আয়োজক দেশ হল:
(a) ভারত (b) দক্ষিণ কোরিয়া (c) জাপান (d) চিন

46. কোন ক্লাব 2017 সালের ইউ ই এফ এ চ্যাম্পিয়ন লিগ ট্রফি জিতেছে?
(a) মিলান (b) বার্সেলোনা (c) রিয়েল মাদ্রিদ (d) জুভেন্টাস

47. ভারতের প্রথম কোন শহরে ট্রাফিক ব্যবস্থাকে নিয়ন্ত্রণে আনার জন্য রোবট প্রযুক্তি ব্যবহার হয়?
(a) রায়পুর (b) কোচি (c) ইন্দোর (d) পুনে

48. Unesco World Book Capital 2019-এ কোন শহর নিজের জায়গা করে নিতে সক্ষম হয়েছে?
(a) এথেন্স (b) শারজা (c) ওয়ারশা (d) পুনে

49. 2017-র 12তম G-20 সম্মেলনের আয়োজক দেশ:
(a) স্টুর্গার্ট (b) ফ্রাঙ্কফুর্ট (c) হামবুর্গ (d) বার্লিন

50. পঞ্চম উত্তর-পূর্ব সম্মেলন 2018 আয়োজন করল কোন রাজ্য?
(a) মেঘালয় (b) অরুণাচল প্রদেশ (c) মিজোরাম (d) ত্রিপুরা

51. দু'টি ধনাত্মক সংখ্যার অনুপাত 3 : 5 এবং তাদের গুণফল 2160। ক্ষুদ্রতর সংখ্যাটি কী হবে?
(a) 48 (b) 45 (c) 36 (d) 30

52. যদি $\sqrt{4^n} = 1024$ হয়, তাহলে n = ?
(a) 12 (b) 10 (c) 5 (d) 8

53. $\frac{1}{5}(3.65 \times 3.65 - 1.35 \times 1.35)$-এর সরল মান কত?
(a) 4.5 (b) 2.3 (c) 2.5 (d) 4.0

54. 10500 থেকে কোন ক্ষুদ্রতম ধনাত্মক পূর্ণসংখ্যা বিয়োগ করলে বিয়োগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?
(a) 88 (b) 96 (c) 84 (d) 74

55. 10% বার্ষিক চক্রবৃদ্ধি সুদের হারে 500 টাকা কত বছরে সবৃদ্ধিমূল 605 টাকা হবে?
(a) 5 বছরে (b) 3 বছরে (c) 2 বছরে (d) 4 বছরে

56. একটি সুষম বহুভুজের প্রতিটি অন্তঃকোণের পরিমাপ 144°। বহুভুজটির বাহুসংখ্যা কত?
(a) 12 (b) 10 (c) 8 (d) 16

57. কোনও এক ব্যক্তির বেতন প্রথমে 20% বৃদ্ধি পেয়ে পরে 20% হ্রাস পেল। ব্যক্তির বেতন শতকরা কত পরিবর্তন হল?
(a) 4% হ্রাস পেল (b) 4% বৃদ্ধি পেল (c) 6% বৃদ্ধি পেল (d) কোনও পরিবর্তন হয়নি

58. 30-এর শতকরা কত ভাগ 27?
(a) 70% (b) 90% (c) 85% (d) 80%

59. 15টি বস্তুর ক্রয়মূল্য 12টি বস্তুর বিক্রয়মূল্যের সমান হলে লাভের শতকরা হার কত হবে?
(a) 30% (b) 20% (c) 15% (d) 25%

60. 10% ক্ষতিতে এক ব্যক্তি একটি জমি বিক্রি করে 4,50,000 টাকা পান। 15% লাভে বিক্রি করলে জমিটির বিক্রয়মূল্য কত হবে?
(a) 6,00,000 টাকা (b) 5,25,000 টাকা (c) 5,00,000 টাকা (d) 5,75,000 টাকা

61. একটি প্রকৃত ভগ্নাংশ ও তার অন্যোন্যকের অন্তর $1\frac{1}{15}$। ভগ্নাংশটি কত?
(a) $\frac{2}{7}$ (b) $\frac{3}{8}$ (c) $\frac{5}{8}$ (d) $\frac{3}{5}$

62. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত 3 : 1 এবং ক্ষেত্রফল 192 বর্গমিটার। ক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থ কত?
(a) 48 মিটার, 26 মিটার (b) 50 মিটার, 10 মিটার (c) 24 মিটার, 8 মিটার (d) 30 মিটার 15 মিটার

63. একটি বিদ্যালয়ের স্পোর্টস ক্লাবের সদস্য সংখ্যা 40। ছেলে এবং মেয়ে সদস্যের অনুপাত 3 : 1, কতজন মেয়ে সদস্য বাড়লে ছেলে এবং মেয়ের অনুপাত 3 : 2 হবে?
(a) 12 (b) 15 (c) 10 (d) 16

64. ক্রয়মূল্য এবং বিক্রয়মূল্যের অনুপাত 25 : 26 হলে, শতকরা লাভ কত?
(a) 1% (b) 2% (c) 4% (d) 5%

65. চার অঙ্কের বৃহত্তম সংখ্যার সঙ্গে ক্ষুদ্রতম কোন সংখ্যা যোগ করলে যোগফলটি 307 দ্বারা বিভাজ্য হবে?
(a) 132 (b) 32 (c) 175 (d) 75

66. প্রথম 8টি বিজোড় মৌলিক সংখ্যার গড় কত?
(a) 9.625 (b) 9.5 (c) 12.5 (d) 12.25

67. যদি x : y = 2 : 3; y : z = 4 : 5 হয়, তবে 5x : 3z = ?
(a) 6 : 7 (b) 5 : 8 (c) 7 : 9 (d) 8 : 9

68. 5টি সংখ্যার গড় 46 ও প্রথম 4টি সংখ্যার গড় 45। পঞ্চম সংখ্যাটি কত?
(a) 70 (b) 60 (c) 50 (d) 40

69. m ও n দু'টি পূর্ণসংখ্যা। $m^n = 121$ হলে $(m-1)^{n-1} = ?$
(a) 12 (b) 11 (c) 10 (d) 13

70. একটি মেশিনের বর্তমান দাম 4000 টাকা। প্রতি বছর 10% করে কমলে 2 বছর পর কত দাম হবে?
(a) 3280 টাকা (b) 3140 টাকা (c) 3220 টাকা (d) 3240 টাকা

71. A, B ও C-এর মধ্যে কোনও টাকা 3 : 7 : 5 অনুপাতে ভাগ করে দিলে এবং A ও B -এর টাকার পার্থক্য 7600 টাকা হলে C কত টাকা পাবে?
(a) 9000 টাকা (b) 8500 টাকা (c) 10000 টাকা (d) 9500 টাকা

72. $\sqrt{15612 + \sqrt{154 + \sqrt{225}}} = ?$
(a) 123 (b) 125 (c) 133 (d) 115

73. পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত 7 : 2। 5 বছর পর ওই অনুপাত 8 : 3 হলে পুত্রের বর্তমান বয়স কত?
(a) 10 বছর (b) 14 বছর (c) 8 বছর (d) 12 বছর

74. 175 মিটার দৈর্ঘ্যের একটি ট্রেন স্টেশনে থাকা এক ব্যক্তিকে 18 সেকেন্ডে অতিক্রম করে, ট্রেনটির গতিবেগ কত?
(a) 45 কিমি/ঘণ্টা (b) 25 কিমি/ঘণ্টা (c) 35 কিমি/ঘণ্টা (d) 37 কিমি/ঘণ্টা

75. নীচের কোন সংখ্যাটি পূর্ণবর্গ নয়?
(a) 9801 (b) 2025 (c) 2563 (d) 207936

76. কোনও বর্গক্ষেত্রের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 10% বৃদ্ধি পেলে ক্ষেত্রফল কত বৃদ্ধি পাবে?
(a) 24% (b) 10% (c) 21% (d) 20%

77. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4 এবং তাদের ল.সা.গু. 108 হলে সংখ্যাদু'টির গ.সা.গু. কত?
(a) 4 (b) 12 (c) 9 (d) 3

78. বার্ষিক সরল সুদের হার কত হলে 5 বছরের সুদ আসলের $\frac{1}{5}$ অংশ হবে?
(a) 4% (b) 5% (c) 3% (d) $5\frac{1}{2}$ %

79. একটি পুকুর কাটতে 50 জন গ্রামবাসীর 18 দিন সময় লেগেছে। পুকুরটি 15 দিনে কাটতে হলে অতিরিক্ত কত লোককে কাজ করাতে হবে?
(a) 12 জন (b) 10 জন (c) 9 জন (d) 8 জন

80. যদি কোনও দু'টি সংখ্যার যোগফলের 30% তাদের বিয়োগফলের 40%-এর সমান হয় তবে বড় সংখ্যা এবং ছোট সংখ্যার অনুপাত কত হবে?
(a) 7 : 1 (b) 7 : 2 (c) 4 : 3 (d) 5 : 2

81. যদি SUNDAY = YADNUS হয়, তাহলে CREATION?
(a) ERCITANO (b) NOITAERC (c) IONTEARC (d) INOTAERL

82. যদি D = 4, COVER = 63 হয়, তাহলে BASIS = ?
(a) 55 (b) 50 (c) 49 (d) 54

83. LOAD-কে যদি একটি নির্দিষ্ট কোডে লেখা হয় MPBE, তবে LADDER-কে কী লেখা হবে?
(a) NCFFGT (b) MDEEFS (c) MBEEPS (d) MBEEFS

84. গিরীশ পূর্বদিকে 8 কিলোমিটার যায়। তারপর ডানদিকে বেঁকে 3 কিলোমিটার সোজা যায়। আবার সে ডানদিকে বেঁকে 12 কিলোমিটার সোজা যায়। এখন সে আরম্ভস্থল থেকে কত দূরে?
(a) 8 কিলোমিটার (b) 10 কিলোমিটার (c) 6 কিলোমিটার (d) 5 কিলোমিটার

85. যদি dust-কে বলা হয় air, air-কে বলা হয় fire, fire-কে বলা হয় water, water-কে বলা হয় colour, colour-কে rain বলা হয় তবে fish কোথায় থাকে?
(a) colour (b) dust (c) water (d) fire

86. যদি একটি নির্দিষ্ট কোডে GOPAL = 84321 লেখা হয় এবং TREES-কে লেখা হয় 56779, তবে STRESS-কে কী লেখা হবে?
(a) 965799 (b) 856788 (c) 956799 (d) 958799

87. মোহনা শ্যামলীর থেকে লম্বা। অমৃতা মোহনার থেকে লম্বা, রমা অমৃতার চেয়ে লম্বা। পূজা সবথেকে লম্বা। যদি তারা তাদের উচ্চতা অনুযায়ী দাঁড়ায়, তবে কে মাঝখানে থাকবে?
(a) মোহনা (b) শ্যামলী (c) রমা (d) অমৃতা

**নির্দেশ (88 to 91):** *নীচের শ্রেণিসারিগুলি সম্পূর্ণ করুন।*

88. 1, 2, 10, 37, _?_.
(a) 101 (b) 131 (c) 121 (d) 99

89. 8, 14, 26, 44, 68, _?_.
(a) 78 (b) 71 (c) 98 (d) 84

90. 0, 2, 8, 14, _?_, 34.
(a) 25 (b) 20 (c) 23 (d) 24

91. 97, 90, 76, 55, _?_.
(a) 27 (b) 26 (c) 25 (d) 28

**নির্দেশ (92 to 95):** *অমিল বিকল্পগুলি খুঁজে বের করুন।*

92. (a) AMKU (b) CDEI (c) PSEB (d) OMQA

93. (a) SKY (b) STAR (c) SUN (d) POND

94. (a) 105 (b) 225 (c) 135 (d) 149

95. (a) PRQ (b) MON (c) CDE (d) UWV

96. *সঠিক বিকল্প বসিয়ে সারিটি সম্পূর্ণ করুন।*
ab ____ d ____ ____ b ____ dm ____ b ____ ____ ____.
(a) abxmdbam (b) abmdxdxa (c) xmaxaxdm (d) axdbmxdm

97. A, B, C, D এবং E এক সারিতে আছে। A ও C-এর মাঝখানে B। C ও E-এর মাঝখানে D। সবার মাঝখানে কে রয়েছে?
(a) B (b) D (c) C (d) A

98. ACFJ?U '?' স্থানে কোন অক্ষর বসবে?
(a) M (b) N (c) L (d) O

99. মোনা বলল, রোহিতের বাবা আমার বাবার একমাত্র পুত্র। মোনা রোহিতের কে হয়?
(a) পিসি (b) মা (c) বোন (d) কন্যা

100. নীচের কোন চিত্রটি জলাশয়, নদী ও সাগরের মধ্যে সম্পর্ক বোঝাচ্ছে?



## উত্তর

1(c), 2(d), 3(b), 4(b), 5(c), 6(a), 7(a), 8(c), 9(a), 10(d), 11(a), 12(a), 13(c), 14(b), 15(a), 16(d), 17(c), 18(c), 19(b), 20(c), 21(d), 22(d), 23(d), 24(a), 25(a), 26(c), 27(b), 28(b), 29(b), 30(c), 31(b), 32(c), 33(c), 34(b), 35(c), 36(b), 37(c), 38(a), 39(b), 40(b), 41(c), 42(c), 43(c), 44(c), 45(a), 46(c), 47(c), 48(b), 49(c), 50(b), 51(c), 52(b), 53(b), 54(b), 55(c), 56(b), 57(a), 58(b), 59(d), 60(d), 61(d), 62(c), 63(c), 64(c), 65(a), 66(b), 67(d), 68(c), 69(c), 70(d), 71(d), 72(b), 73(a), 74(c), 75(c), 76(c), 77(c), 78(a), 79(b), 80(a), 81(b), 82(b), 83(d), 84(d), 85(a), 86(c), 87(d), 88(a), 89(c), 90(d), 91(a), 92(c), 93(d), 94(d), 95(c), 96(c), 97(c), 98(d), 99(a), 100(b).

## সমাধান

51(c): প্রশ্নানুসারে, x : y = 3 : 5

বা, $\frac{x}{y} = \frac{3}{5}$ বা, $x = \frac{3y}{5}$

আবার, xy = 2160, $\frac{3y}{5} \times y = 2160$

$3y^2 = 2160 \times 5$, $y^2 = \frac{2160 \times 5}{3}$, $y^2 = 3600 \therefore y = \sqrt{3600} = 60$

xy = 2160 বা, x × 60 = 2160 বা, $x = \frac{2160}{60} \therefore x = 36$

ক্ষুদ্রতম সংখ্যাটি হল 36.

52(b): $\sqrt{4^n} = 1024$ বা, $4^{n/2} = 4^5$ বা, $\frac{n}{2} = 5$ বা, n = 10.

53(b): $\frac{1}{5}(3.65 \times 3.65 - 1.35 \times 1.35) = \frac{1}{5}(3.65)^2 - (1.35)^2$
$= \frac{1}{5}(3.65 + 1.35)(3.65 - 1.35) = \frac{1}{5} \times 5 \times 2.30 = 2.30.$

54(b):

```
   1 | 1̄05̄00̄ | 102
     | 1      |
 202 |  0500
         404
          96
```

∴ নির্ণেয় ক্ষুদ্রতম ধনাত্মক পূর্ণসংখ্যা 96।

55(c): $605 = 500\left(1 - \frac{10}{100}\right)^n$

বা, $\frac{605}{500} = \left(\frac{11}{10}\right)^n$ বা, $\left(\frac{121}{100}\right) = \left(\frac{11}{10}\right)^n$ বা, $\left(\frac{11}{10}\right)^2 = \left(\frac{11}{10}\right)^n$ বা, n = 2.

56(b): 1টি অন্তঃকোণের পরিমাপ 144°
1টি বহিঃকোণের পরিমাপ = (180° – 144°) = 36°

∴ বহুভুজটির বাহুসংখ্যা $= \frac{360°}{36°} = 10.$

57(a): ধরি, ব্যক্তির বেতন = 100 টাকা

20% বৃদ্ধি পেয়ে হল = 120; আবার, 20% হ্রাস পেয়ে হল $= 120 \times \frac{80}{100} = 96$ টাকা

∴ বেতন হ্রাস পেল = (100 – 96) = 4 টাকা
অর্থাৎ 4% হ্রাস পেল।

58(b): $\left(\frac{27 \times 100}{30}\right)\% = 90\%$

59(d): 12টিতে লাভ 3টি

100 টিতে লাভ $\frac{3}{12} \times 100$টি = 25টি ∴ লাভ = 25%.

60(d): ক্রয়মূল্যের 90% = 450000 টাকা

∴ ক্রয়মূল্যের 115% $= \frac{450000}{90} \times 115$ টাকা = 5,75,000 টাকা।

61(d): ধরি, ভগ্নাংশটি $\frac{x}{y}$ ∴ এর অন্যোন্যক $= \frac{y}{x}$

এরপর বারোর পাতায়

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রাজ্য পুলিশে
# ৫৭০২ কনস্টেবল

*এগারোর পাতার পর*

প্রশ্নানুসারে, $\frac{x}{y} - \frac{y}{x} = 1\frac{1}{15}$

বা, $\frac{x^2 - y^2}{xy} = \frac{16}{15}$ বা, $15x^2 - 15y^2 = 16xy$

বা, $15x^2 - 16xy - 15y^2 = 0$ বা, $15x^2 - 25xy + 9xy - 15y^2 = 0$

বা, $5x(3x - 5y) + 3y(3x - 5y) = 0$

বা, $(3x - 5y)(5x + 3y) = 0$

$\therefore 3x - 5y = 0$ বা, $\frac{x}{y} = \frac{5}{3}$

ভগ্নাংশটি প্রকৃত, তাই ভগ্নাংশটি হবে $\frac{3}{5}$.

62(c): ধরি, ক্ষেত্রের দৈর্ঘ্য = 3x মিটার এবং প্রস্থ = x মিটার
প্রশ্নানুসারে, $3x \times x = 192$ বা, $x^2 = 64$ বা, $x = 8$
$\therefore$ ক্ষেত্রের দৈর্ঘ্য = 3 × 8 মিটার = 24 মিটার এবং প্রস্থ = 8 মিটার।

63(c): মোট সদস্যসংখ্যা = 40
ছেলে : মেয়ে = 3 : 1
ছেলের সংখ্যা 30 হলে মেয়ে = 10 জন
ধরি, মেয়ের সংখ্যা x জন বাড়ানো হল
প্রশ্নানুসারে, $\frac{30}{10 + x} = \frac{3}{2}$ বা, $60 = 30 + 3x$ বা, $x = 10$ জন।

64(c): ক্রয়মূল্য : বিক্রয়মূল্য = 25 : 26
ক্রয়মূল্য = 25 টাকা হলে বিক্রয়মূল্য হবে 26 টাকা
$\therefore$ লাভ (26 – 25) = 1 টাকা
25 টাকা ক্রয়মূল্য হলে লাভ 1 টাকা
1 টাকা ক্রয়মূল্য হলে লাভ $\frac{1}{25}$ টাকা
100 টাকা ক্রয়মূল্য হলে লাভ $\frac{100}{25}$ টাকা = 4 টাকা
$\therefore$ শতকরা লাভ 4%.

65(a): চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = 9999

```
307 | 9999 | 32
    | 921  |
      789
      614
      175
```

$\therefore$ ক্ষুদ্রতম সংখ্যাটি হল = (307 – 175) = 132.

66(b): নির্ণেয় গড় = $\frac{1+3+5+7+11+13+17+19}{8}$
$= \frac{76}{8} = 9.5.$

67(d): $\frac{x}{y} = \frac{2}{3} \times \frac{4}{4} = \frac{8}{12}$, $\frac{y}{z} = \frac{4 \times 3}{5 \times 3} = \frac{12}{15}$
$\therefore x : y : z = 8 : 12 : 15$
$\therefore x : z = 8 : 15$, $5x : 3z = 40 : 45 = 8 : 9$.

68(c): 5টি সংখ্যার গড় = 46
5টি সংখ্যার সমষ্টি = 46 × 5 = 230
আবার, প্রথম 4টি সংখ্যার গড় 45
4টি সংখ্যার সমষ্টি = 45 × 4 = 180
$\therefore$ পঞ্চম সংখ্যাটি = (230 – 180) = 50.

69(c): $m^n = 121$ বা, $m^n = 11^2$
$\therefore m = 11$ এবং $n = 2$
মান বসিয়ে পাই, $(m - 1)^{n-1} = (11 - 1)^{2-1} = 10$.

70(d): 2 বছর পর দাম হবে = $4000 \times \frac{90}{100} \times \frac{90}{100} = 3240$ টাকা।

71(d): $7x - 3x = 7600$
বা, $4x = 7600$ বা, $x = 1900$ $\therefore$ C পাবে = 1900 × 5 = 9500 টাকা।

72(b): $\sqrt{15612 + \sqrt{154 + \sqrt{225}}} = \sqrt{15612 + \sqrt{154 + 15}}$
$= \sqrt{15612 + \sqrt{169}} = \sqrt{15612 + 13} = \sqrt{15625} = 125.$

73(a): ধরি, পিতা ও পুত্রের বর্তমান বয়স 7x বছর এবং 2x বছর
প্রশ্নানুসারে, $\frac{7x + 5}{2x + 5} = \frac{8}{3}$
বা, $21x + 15 = 16x + 40$ বা, $5x = 25$ বা, $x = 5$
$\therefore$ পুত্রের বর্তমান বয়স 5 × 2 = 10 বছর।

74(c): 18 সেকেন্ডে যায় 175 মিটার
1 সেকেন্ডে যায় $\frac{175}{1000 \times 18}$ কিমি
3600 সেকেন্ডে যায় $\frac{175 \times 3600}{1000 \times 18}$ কিমি = 35 কিমি।

75(c): এককের অঙ্ক '3' হলে সংখ্যাটি পূর্ণবর্গ হয় না
$\therefore$ পূর্ণবর্গ নয় এমন সংখ্যাটি হল 2563.

76(c): ক্ষেত্রফল বৃদ্ধি পাবে = $\left[10 + 10 + \frac{10 \times 10}{100}\right]\% = 21\%$.

77(c): প্রশ্নানুসারে, $(3 \times 4)x = 108$
বা, $x = \frac{108}{12}$ বা, $x = 9$
সংখ্যাদু'টি হল যথাক্রমে 27 এবং 36
সংখ্যাদু'টির গ.সা.গু. = 9.

78(a): ধরি, আসল = 100 টাকা
5 বছরের সুদ = $100 \times \frac{1}{5}$ টাকা = 20 টাকা
সূত্রানুসারে, $\frac{Prt}{100} = I$ বা, $\frac{100 \times r \times 5}{100} = 20$ বা, $r = 4$.

79(b): $M_1T_1 = M_2T_2$
বা, $50 \times 18 = M_2 \times 15$ বা, $M_2 = \frac{50 \times 18}{15} = 60$ জন
$\therefore$ অতিরিক্ত লোক লাগবে = (60 – 50) = 10 জন।

80(a): ধরি, একটি সংখ্যা = x, অপর সংখ্যাটি = y
প্রশ্নানুসারে, (x + y) এর 30% = (x – y)-এর 40%
বা, $(x + y) \times \frac{30}{100} = (x - y) \times \frac{40}{100}$
বা, $30x + 30y = 40x - 40y$
বা, $\frac{x}{y} = \frac{70}{10}$ বা, $x : y = 7 : 1$.

81(b):

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ① | ② | ③ | ④ | ⑤ | ⑥ |
| S | U | N | D | A | Y |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| ⑥ | ⑤ | ④ | ③ | ② | ① |
| Y | A | D | N | U | S |

একইভাবে,

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ① | ② | ③ | ④ | ⑤ | ⑥ | ⑦ | ⑧ |
| C | R | E | A | T | I | O | N |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| ⑧ | ⑦ | ⑥ | ⑤ | ④ | ③ | ② | ① |
| N | O | I | T | A | E | R | C |

82(b): D = 4; COVER = 3 + 15 + 22 + 5 + 18 = 63
BASIS = 2 + 1 + 19 + 9 + 19 = 50.

83(d):

| | | | |
|---|---|---|---|
| L | O | A | D |
| ↓+1 | ↓+1 | ↓+1 | ↓+1 |
| M | P | B | E |

একইভাবে,

| | | | | | |
|---|---|---|---|---|---|
| L | A | D | D | E | R |
| ↓+1 | ↓+1 | ↓+1 | ↓+1 | ↓+1 | ↓+1 |
| M | B | E | E | F | S |

84(d):




AB = DC = 8 km
ED = EC – DC = (12 – 8) km = 4 km
AD = BC = 3 km
$\therefore AE^2 = AD^2 + ED^2 = 3^2 + 4^2 = 9 + 16 = 25$
$\therefore AE = \sqrt{25} = 5$ km.

86(c):

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| G | O | P | A | L | | T | R | E | E | S |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 8 | 4 | 3 | 2 | 1 | | 5 | 6 | 7 | 7 | 9 |

একইভাবে,

| | | | | | |
|---|---|---|---|---|---|
| S | T | R | E | S | S |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 9 | 5 | 6 | 7 | 9 | 9 |

88(a): $1 \xrightarrow{+1^3} 2 \xrightarrow{+2^3} 10 \xrightarrow{+3^3} 37 \xrightarrow{+4^3} \boxed{101}$

89(c): $8 \xrightarrow{+6} 14 \xrightarrow{+12} 26 \xrightarrow{+18} 44 \xrightarrow{+24} 68 \xrightarrow{+30} \boxed{98}$

90(d): $0 \xrightarrow{+2} 2 \xrightarrow{+6} 8 \xrightarrow{+6} 14 \xrightarrow{+10} \boxed{24} \xrightarrow{+10} 34$

91(a): $97 \xrightarrow{-7} 90 \xrightarrow{-14} 76 \xrightarrow{-21} 55 \xrightarrow{-28} \boxed{27}$

92(c): একমাত্র (c) বিকল্প ছাড়া সবকটিতেই দু'টি করে vowel আছে।

93(d): Pond ছাড়া বাকি তিনটিই আকাশ সম্পর্কিত।

94(d): একমাত্র 149 সংখ্যাটি 3 দ্বারা বিভাজ্য নয়।

95(c):

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ① | ③ | ② | ① | ③ | ② | ① | ③ | ② |
| P | R | Q | M | O | N | U | W | V |

কিন্তু

| | | |
|---|---|---|
| ① | ② | ③ |
| C | D | E |

96(c): ab <u>x</u> d <u>m</u>/ <u>a</u> b <u>x</u> dm/ <u>a</u> b <u>x</u> <u>d</u> m.

97(c): A B Ⓒ D E

98(d): $A \xrightarrow{+2} C \xrightarrow{+3} F \xrightarrow{+4} J \xrightarrow{+5} O \xrightarrow{+6} U$

*প্রস্তুত করেছেন: এম্পা কাঁড়ার*

# রেলে ৬২৯০৭ গ্রুপ-সি
## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

81(a): বাবা + 4 সন্তান = 70 বছর (14 × 5)
মা + 4 সন্তান = 60 বছর (12 × 5)
$\therefore$ মায়ের বয়স 35 বছর হলে 4 সন্তানের বয়স হবে (60 – 35) = 25 বছর
$\therefore$ বাবার বয়স হবে (70 – 25) = 45 বছর।

82(c): 869 – 653 = 216, 1229 – 869 = 360 এবং 1229 – 653 = 576
$\therefore$ নির্ণেয় সংখ্যা = 216, 360, 576-এর গ.সা.গু. = 72.

83(c): 216 – 5 = 256, 933 – 3 = 928, 1381 – 5 = 1376
$\therefore$ নির্ণেয় সংখ্যা = 256, 928, 1376-এর গ.সা.গু. = 32.

84(a): $A : C = \frac{A}{B} \times \frac{B}{C} = \frac{2}{3} \times \frac{4}{5} = \frac{8}{15} = 8 : 15$
$\therefore 5A : 3C = (5 \times 8) : (3 \times 15) = 8 : 9$.

85(d): $A : B = 41\frac{2}{3} : 87\frac{1}{2} = \frac{125}{3} : \frac{175}{2} = 250 : 525 = 10 : 21$.

86(a): সূত্রানুসারে নির্ণেয় যোগফল = (2 + 3 + 5 + 7) × 6666
= 17 × 6666 = 113322.

87(c): সংখ্যা দু'টির গুণফল = (যোগফল + বিয়োগফল) (যোগফল – বিয়োগফল) ÷ 4 = [(38 + 4) (38 – 4)] ÷ 4
= 42 × 34 ÷ 4 = 21 × 17 = 357.

88(a): 512 = 2 × 256 = 2 × 16 × 16
$\therefore$ 512-কে ক্ষুদ্রতম সংখ্যা 2 দিয়ে গুণ করলে গুণফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে।

89(d): $\sqrt{0.000256} = 0.016$
$\therefore$ নির্ণেয় ভগ্নাংশ = (1 – 0.016) = 0.984.

90(c): $(-5)(4)(2)\left(-\frac{1}{2}\right)\left(\frac{3}{4}\right) = 5 \times 4 \times 2 \times \frac{1}{2} \times \frac{3}{4} = 15$.

91(c): $18 - [5 - \{(6 + 2(7 - \overline{8 - 5})\}] = 18 - [5 - \{6 + 2(7 - 3)\}]$
$= 18 - [5 - \{6 + 8\}] = 18 - [5 - 14] = 18 + 9 = 27$.

92(a): 0.75 = a, 0.25 = b হলে, $a^2 + 2ab + b^2 = (a + b)^2$
$= (0.75 + 0.25)^2 = (1)^2 = 1$.

93(b): 2.66 = a, 0.66 = b হলে, $a^2 - 2ab + b^2$
$= (a - b)^2 = (2.66 - 0.66)^2 = (2)^2 = 4$.

94(c): বৃহত্তম ভগ্নাংশ = $\frac{5}{6}$ এবং ক্ষুদ্রতম ভগ্নাংশ = $\frac{2}{3}$
পার্থক্য = $\left(\frac{5}{6} - \frac{2}{3}\right) = \frac{1}{6}$.

95(b): নবম সংখ্যা = 9(51 + 36) – 17 × 45 = 783 – 765 = 18.

96(c): দশটি ইনিংসের গড় রান = 100 – (9 × 8) = 28.

97(a): বিদ্যালয়ে ছাত্র $\left(504 \times \frac{13}{24}\right) = 273$ জন এবং ছাত্রী = (504 – 273)
= 231 জন
12 জন ছাত্রী চলে গেলে ছাত্র ও ছাত্রীর অনুপাত হয় {273 : (231 – 12)}
= 273 : 219 = 91 : 73.

98(a): স্ত্রী পান = $(12,755 - 2000) \times \frac{6}{15} = 4302$ টাকা।

99(d): নির্ণেয় বৃদ্ধির হার = $\left\{(20 + 20) + \frac{20 \times 20}{100}\right\}\% = 44\%$.

100(a): B-এর বেতন 100 টাকা হলে A-এর বেতন 80 টাকা
অর্থাৎ A = 80 হলে, B = 100 টাকা
বা, B, A অপেক্ষা 20 টাকা বেশি পায়
$\therefore$ B-এর বেতন A-এর চেয়ে $\left(\frac{20}{80} \times 100\right)\% = 25\%$ বেশি।

*প্রস্তুত করেছেন: সৃষ্টিধর বেরা*


# পেশাপ্রবেশ
চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী

## প্রতিমাসেই বেরনো মাত্র ফুরিয়ে যায়, কারণ:

- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার উৎকৃষ্ট ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয়ও সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

*ফুরোবার আগেই সংগ্রহ করুন।*

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# দক্ষিণ-মধ্য রেলে ৪১০৩ ট্রেড অ্যাপ্রেন্টিস

প্রথম পাতার পর

তফসিলি জাতি ১৩১, তফসিলি উপজাতি ৬৫, ও বি সি ২৩৫)। **ইলেক্ট্রনিক মেকানিক:** ১০২টি (সাধারণ ৫১, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৮)। **মেশিনিস্ট:** ৭৪টি (সাধারণ ৩৭, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২০)। **মিলরাইট মেইন্টেন্যান্স:** ২৪টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **পেইন্টার:** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। **ওয়েল্ডার:** ৫৯৭টি (সাধারণ ৩০১, তফসিলি জাতি ৯০, তফসিলি উপজাতি ৪৫, ও বি সি ১৬১)।

নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ।

**বয়স:** ১৮-৬-২০১৮ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.scr.indianrailways.gov.in মনে রাখবেন, আবেদনপত্রটি প্রার্থী যে আই টি আই-এ পড়াশোনা করেছেন সেই শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানের দ্বারা অথবা তফসিলি জাতি-উপজাতি বা ও বি সি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্বারা প্রত্যয়িত করিয়ে নিতে হবে। রেলে কর্মরতদের সন্তানদের ক্ষেত্রে আবেদনপত্রটি সংশ্লিষ্ট কন্ট্রোলিং অফিসার দ্বারা প্রত্যয়িত করিয়ে নিতে হবে।

ফি বাবদ ক্রসড ডিমান্ড ড্রাফট বা ক্রসড ইন্ডিয়ান পোস্টাল অর্ডারের মাধ্যমে দিতে হবে ১০০ টাকা। ফি 'Assistant Personnel Officer (Recruitment), Railway Recruitment Cell, Secunderabad-500 025'-এর অনুকূলে 'Hyderabad' বা 'Secunderabad'-এ প্রদেয় হতে হবে। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

## পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓প্রার্থীর তিন কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। এর মধ্যে একটি ফটো আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন এবং অন্য দু'টি ফটো আবেদনপত্রের সঙ্গে গেঁথে দেবেন।
✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১৭ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Deputy Chief Personnel Officer/A & R/SCR, RRC, 1st Floor, C-Block, Rail Nilayam, Secunderabad-500 025.

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ওয়েস্ট ব্যাঙ্কে নার্সিং কোর্স

জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ওয়েস্ট ব্যাঙ্ক স্কুল অব নার্সিং। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে। প্রার্থীকে পশ্চিমবঙ্গে অন্তত পাঁচ বছরের স্থায়ী বাসিন্দা হতে হবে। **আসনসংখ্যা:** ৩০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৪০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। ইংরেজিতে অন্তত ৪০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সায়েন্স শাখার প্রার্থীদের অগ্রাধিকার। **বয়স:** ১-১-২০১৮ তারিখে ১৭ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। ফি বাবদ নগদ ৪০০ টাকার বিনিময়ে যে-কোনও কাজের দিন (শনি ও রবিবার বাদে) সকাল ১০টা থেকে বিকেল ৪টের মধ্যে আবেদনের ফর্ম ও প্রসপেক্টাস সংগ্রহ করতে হবে প্রতিষ্ঠান থেকে। প্রতিষ্ঠানের ঠিকানা: ওয়েস্টব্যাঙ্ক স্কুল অব নার্সিং, চুনাভাটি, আন্দুল, হাওড়া-৭১১ ১০৯। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৫ জুলাই। বিশদ তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ৭১২০-৮৫৮৫ (এক্সটেনশন ১০৪২/৪৩)।

# উত্তর দিনাজপুর জেলায় আশাকর্মী

৬৭ জন আশা (অ্যাক্রেডিটেড সোশ্যাল হেলথ অ্যাক্টিভিস্ট) কর্মী নেবে উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জ সাব-ডিভিশনাল অফিস। শুধু বিবাহিত, আইনগতভাবে বিবাহবিচ্ছিন্ন এবং বিধবা মহিলারাই দরখাস্ত করতে পারবেন। নিয়োগ হবে রায়গঞ্জ, হেমতাবাদ, ইটাহার এবং কালিয়াগঞ্জ ব্লকে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 671/SDO (R)/ASHA. প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের স্থায়ী বাসিন্দা হতে হবে।

**ব্লক অনুসারে শূন্যপদ:** রায়গঞ্জ: ৪২টি, হেমতাবাদ: ৯টি, ইটাহার: ১০টি, কালিয়াগঞ্জ: ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। কোনও স্বনির্ভর গোষ্ঠীর সদস্যা হলে, লিংক ওয়ার্কার হলে, ধাইয়ের কাজে প্রশিক্ষণ থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। এছাড়াও তফসিলিরা অগ্রাধিকার পাবেন।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিদের ক্ষেত্রে ২২ থেকে ৪০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করা যাবে।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.uttardinajpur.nic.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓প্রার্থীর তিন কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ✓মাধ্যমিক বা সমতুল পরীক্ষার সার্টিফিকেট বা অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল। ✓বয়সের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে ভোটার আইডি বা রেশন কার্ডের প্রত্যয়িত নকল। ✓কাস্ট সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓স্বনির্ভর গোষ্ঠীর সদস্যপত্র বা প্রশিক্ষণপ্রাপ্ত ধাই এবং লিংক ওয়ার্কার হিসেবে কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা এবং ৫ টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো একটি খাম।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন: APPLICATION

এরপর চোদ্দোর পাতায়

# মনোরমা ইয়ারবুক ও কর্মক্ষেত্র

প্রতি মাসে ৫,০০০ টাকারও বেশি পুরস্কার জিতুন। নিচের ১২টি প্রশ্নের উত্তর খুঁজে বের করুন, কুপনটি পূরণ করুন আর পাঠিয়ে দিন যে কোনো একটি ঠিকানায়- **Yearbook Division, Malayala Manorama, Kottayam - 686001** অথবা মালয়ালা মনোরমা, ১৪, পরাশর রোড, দ্বিতীয় তল (লেক মার্কেটের কাছে), কলকাতা - ৭০০০২৯। খামের উপর বড় বড় করে লিখুন 'মনোরমা ইয়ারবুক এক ডজন ক্যুইজ'। যাঁদের সবকটি প্রশ্নের উত্তর সঠিক হবে তাঁদের মধ্যে থেকে পাঁচ জনকে লটারির ভিত্তিতে বেছে নিয়ে প্রত্যেককে ১,০০০ টাকা এবং আরও ১০ জনকে **মনোরমা ইয়ারবুক ২০১৮** বইটি পুরস্কার দেওয়া হবে।*

দেরি করবেন না! এই বিজ্ঞাপন প্রকাশের দু'সপ্তাহের মধ্যে আপনার উত্তর আমাদের কাছে পৌঁছনো চাই। অধিকাংশ উত্তরই বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত জ্ঞানকোষ **মনোরমা ইয়ারবুক** ও **কর্মক্ষেত্র**-য় পাবেন।

## এক ডজন ক্যুইজ

1. সম্প্রতি শুধুমাত্র মহিলা নিয়ন্ত্রিত পোস্ট অফিস পাসপোর্ট সেবা কেন্দ্র (POPSK) চালু হল কোন শহরে?
   A. ফাগওয়ারা B. পাটনা C. উদয়পুর
2. সুপা বাঁধ কোন রাজ্যে অবস্থিত?
   A. কর্ণাটক B. অন্ধ্রপ্রদেশ C. ওড়িশা
3. দুধওয়া অভয়ারণ্য কোন রাজ্যে অবস্থিত?
   A. মহারাষ্ট্র B. উত্তরপ্রদেশ C. মধ্যপ্রদেশ
4. কুমারকম পাখিরালয় কোন রাজ্যে অবস্থিত?
   A. ওড়িশা B. কর্ণাটক C. কেরালা
5. পাখির কীসের ওজন সবচেয়ে বেশি?
   A. পালক B. কঙ্কাল C. ডিম
6. কোন সালে রাজা রামমোহন রায় ইংল্যান্ডে যান?
   A. ১৮২১ B. ১৮৩১ C. ১৮৪১
7. কলকাতার অক্টারলোনি কোন যুদ্ধ জয়ের স্মৃতিতে তৈরি হয়েছিল?
   A. ভুটান যুদ্ধ B. নেপাল যুদ্ধ C. অসম যুদ্ধ
8. ভারতের কোন রাষ্ট্রপতি চীন ও মার্কিন যুক্তরাষ্ট্রে রাষ্ট্রদূত হয়েছিলেন?
   A. কে আর নারায়ণ B. জৈল সিং C. শঙ্কর দয়াল শর্মা
9. কম্পিউটার মাউসের নড়াচড়া কোন এককে মাপা হয়?
   A. হার্জ B. মিকি C. ওয়াট
10. ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিলের নতুন চেয়ারম্যান হবেন কে?
    A. শশাঙ্ক মনোহর B. অজয় শিরকে C. ডেভ রিচার্ডসন
11. সম্প্রতি কে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার দপ্তরের দায়িত্ব পেয়েছেন?
    A. পীযুষ গোয়েল B. রাজ্যবর্ধন রাঠোর C. স্মৃতি ইরানি
12. দাদা ধুনিবালে তাপ বিদ্যুৎ কেন্দ্র কোন রাজ্যে অবস্থিত?
    A. তামিলনাড়ু B. হিমাচল প্রদেশ C. মধ্যপ্রদেশ

### উত্তর

সঠিক উত্তরটির পাশের বাক্সে x চিহ্ন দিন

| | | | |
|---|---|---|---|
| 1. | A ☐ | B ☐ | C ☐ |
| 2. | A ☐ | B ☐ | C ☐ |
| 3. | A ☐ | B ☐ | C ☐ |
| 4. | A ☐ | B ☐ | C ☐ |
| 5. | A ☐ | B ☐ | C ☐ |
| 6. | A ☐ | B ☐ | C ☐ |
| 7. | A ☐ | B ☐ | C ☐ |
| 8. | A ☐ | B ☐ | C ☐ |
| 9. | A ☐ | B ☐ | C ☐ |
| 10. | A ☐ | B ☐ | C ☐ |
| 11. | A ☐ | B ☐ | C ☐ |
| 12. | A ☐ | B ☐ | C ☐ |

**মনোরমা ইয়ারবুক কর্মক্ষেত্র** এক ডজন ক্যুইজ

Name: ..........................................

Address: ..........................................

..........................................

..........................................

..........................................

Pin Code: ..........................................

Ph./Mob. No.: ..........................................

জুন, ২০১৮

এপ্রিল, ২০১৮ ক্যুইজের উত্তর: 1-B, 2-B, 3-B, 4-C, 5-C, 6-C, 7-A, 8-B, 9-B, 10-B, 11-B, 12-B

এপ্রিল, ২০১৮ ক্যুইজে পুরস্কার জয়ী : আইভি দাস, দক্ষিণ ২৪ পরগনা; অর্ক রায়চৌধুরি, কলকাতা; দীপঙ্কর দাস, নদীয়া; সন্টু কুমার জানা, পূর্ব মেদিনীপুর; সুব্রত মণ্ডল, বাঁকুড়া। পুরস্কার : প্রত্যেকে ১,০০০ টাকা।

* উপরের কুপনটি ছাড়া অন্য কোনোভাবে উত্তর পাঠালে তা গৃহীত হবে না। চূড়ান্ত সিদ্ধান্ত মনোরমা ইয়ারবুকের।

WBCS • WBJS
BANK • SSC • RLY
CAT • MAT • JECA
JEXPO Campus Placement
TARGET
SEALDAH : 9830461694
www.target-education.org

## Admission in B.Ed 2018

